তৃণোৎকরৈরুদ্গতকোমলাঙ্কুরৈর্
বিচিত্র-নীলৈ-র্হরিণীমুখক্ষতৈঃ।
বনানি বৈন্ধ্যানি হরন্তি মানসম্
বিভূষিতান্যুদ্গতপল্লবৈদ্রুমৈঃ ॥ ৮ ॥

অর্থান্বয়ঃ। উদ্গতকোমলাঙ্কুরৈঃ (যে কোমল অঙ্কুর জন্মেছে তাহা দ্বারা) হরিণীমুখক্ষতৈঃ বিচিত্রনীলৈঃ (সুন্দরনীলবর্ণ, হরিণী খেয়েছে-এমন) তৃণোৎকরৈঃ (ঘাস গুলি দ্বারা) উদ্গতপল্লবৈঃ (কচিপাতা জন্মেছে-এমন) দ্রুমৈঃ (গাছ দ্বারা) বিভূষিতানি (শোভাযুক্ত) বৈন্ধ্যানি (বিন্ধ্যপর্ব্বতের) বনানি (বনগুলা) মানসং (মনকে) হরন্তি (হরিতেছে) ॥ ৮ ॥

হরিণীভক্ষণে ক্ষত নীলিম-বরণ,
সুকোমল তৃণাঙ্কুর জন্মেছে এখন,
কচি কচি পাতা গাছে শোভিয়া কেমন
হরিছে মানস এবে বিন্ধ্যের কানন। ৮।

বিমলপ্রভা। তৃণোৎকরৈরিতি। উদ্গতকোমলাঙ্কুরৈঃ উদ্গতাঃ কোমলা অঙ্কুরা যেষাং তৈঃ উৎপন্নমৃদুপ্ররোহৈরিতি যাবৎ। বিচিত্র-নীলৈঃ বিচিত্রাশ্চ তে নীলাশ্চেতি তৈঃ অপূর্ব্বকৃষ্ণৈরিত্যর্থঃ। হরিণী-মুখক্ষতৈঃ হরিণীনাং মুখানি তৈঃ ক্ষতাস্তৈঃ মৃগীবদনবিদারিতৈরিত্যর্থঃ। তৃণোৎকরৈঃ তৃণানামুৎকরাস্তৈঃ তৃণরাজিভিরিতি যাবৎ। উদ্গতপল্লবৈঃ উদ্গতাঃ পল্লবাঃ কিসলয়ানি যেষাং তৈস্তথোক্তৈঃ। পল্লবিতৈরিত্যর্থঃ। দ্রুমৈঃ বৃক্ষৈঃ কর্ত্তৃভিঃ বিভূষিতানি শোভিতানি বৈন্ধ্যানি বিন্ধ্যস্য ইমানি 'তস্যেদম্' ইত্যণ্। বিন্ধ্যসম্বন্ধীনি বনানি কাননানি মানসং মনঃ হরন্তি বশীকুর্বন্তি। অপূর্বাণি তৃণানি বনানি চ দৃষ্ট্বা লোকা মুহ্যন্তীতিভাবঃ ॥৮॥

বিলোল-নেত্রোৎপল-শোভিতাননৈর্
মৃগৈঃ সমন্তাদুপজাতসাধ্বসৈঃ।
সমাচিতা সৈকতিনী বনস্থলী
সমুৎসুকত্বং প্রকরোতি চেতসঃ ॥ ৯ ॥

অর্থান্বয়ঃ। বিলোলনেত্রোৎপলশোভিতাননৈঃ (চঞ্চল নীলপদ্ম-সদৃশ চক্ষুতে মুখ সুশোভিত) উপজাতসাধ্বসৈঃ (জন্মেছে ভয় এমন) মৃগৈঃ (হরিণ সকলে) সমন্তাৎ (চারিদিকে) সমাচিতা (ব্যাপ্ত-এমন) সৈকতিনী (বালুকাময়) বনস্থলী (কৃত্রিম বন) চেতসঃ (অন্তঃ-করণের) সমুৎসুকত্বং (উৎকণ্ঠা) প্রকরোতি (করছে) ॥ ৯ ॥

বিলোল-কমল-নেত্র শোভিত আনন,
সভীত চকিত দৃষ্টি যত মৃগগণ,
সৈকতিনী (১) বনভূমে চৌদিকে ব্যাপিয়া,
উৎসুকে আকুল মরি করিতেছে হিয়া। ৯।

বিমলপ্রভা। বিলোলেত্যাদি। বিলোলনেত্রোৎপলশোভিতা-ননৈঃ নেত্রাণি উৎপলানীব ইতি নেত্রোৎপলানি বিলোলানি চঞ্চলানি নেত্রোৎপলানি তৈঃ শোভিতানি আননানি মুখানি যেষাং তৈস্তথোক্তৈঃ চপলনয়নকমলসুন্দরমুখৈরিতি যাবৎ। উপজাতসাধ্বসৈঃ উপজাতং সাধ্বসং ভয়ং যেষাং তৈঃ ভীতৈরিত্যর্থঃ। বর্ষাগমাদ্ভয়মিতিভাবঃ। মৃগৈঃ হরিণৈঃ কর্তৃভিঃ সমন্তাৎ চতুর্দিক্ষু সমাচিতা ব্যাপ্তা. সৈকতিনী সৈকতং বিদ্যতে অস্যা ইতি সৈকতিনী পুলিনবতীত্যর্থঃ। 'তোয়ো-ত্থিতং তৎ পুলিনং সৈকতং সিকতাময়ম্।' ইত্যমরঃ। বনস্থলী বনস্য অকৃত্রিমা ভূমিঃ চেতসঃ মানসস্য সমুৎসুকত্বং সম্যক্ ঔৎসুক্যং সমুৎকণ্ঠামিতি যাবৎ। প্রকরোতি জনয়তি। ঈদৃশীং বনভূমিং দৃষ্ট্বা চেতঃ সমুৎকণ্ঠত ইতি ভাবঃ ॥৯॥

---

(১) বালুকাময়।

অভীক্ষ্ণমুচ্চৈর্ধ্বনতা পয়োমুচা
ঘনান্ধকারীকৃতশর্বরীষ্বপি।
তড়িৎপ্রভাদর্শিতমার্গভূময়ঃ
প্রয়ান্তি রাগাদভিসারিকাঃ স্ত্রিয়ঃ॥ ১০॥

অর্থান্বয়ঃ। অভীক্ষ্ণং (বার বার) উচ্চৈঃ (ভীষণ রূপে) ধ্বনতা (শব্দকারী) পয়োমুচা (মেঘেতে) ঘনান্ধকারীকৃতশর্বরীষু অপি (গাঢ় আঁধারে রাত্রিকে ঢেকে ফেলিলেও) তড়িৎপ্রভাদর্শিতমার্গভূময়ঃ (বিদ্যুতের আলোতে রাস্তা দেখে) অভিসারিকাঃ স্ত্রিয়ঃ (অভিসারিকা নারীগণ) রাগাৎ (প্রিয়জনের প্রতি ভালবাসা হেতু) প্রয়ান্তি "সঙ্কেত স্থানে" যাচ্ছে) ॥ ১০ ॥

মুহুর্মুহু ভীমরবে মেঘ গরজিছে,
গাঢ় অন্ধকারে নিশি আবরি পড়িছে,
দামিনী (১)-দর্শিত পথে অভিসার তরে
অভিসারিকারা (২) চলে অনুরাগ ভরে। ১০।

বিমলপ্রভা। অভীক্ষ্ণমিতি। অভীক্ষ্ণং পুনঃপুনঃ 'অভীক্ষ্ণং তু তথা পৌনঃপুন্যে স্যাৎ সন্ততেঽপি চ।' ইতি বিশ্বঃ। উচ্চৈঃ প্রবলং যথা স্যাৎ তথা ধ্বনতা গর্জতা পয়োমুচা জলধরেণ 'ঘনজীমূতমুদিরজলমুগ্ধূমযোনয়ঃ' ইত্যমরঃ। ঘনান্ধকারীকৃতশর্বরীষপি ঘনাঃ সান্দ্রা অন্ধকারা ইতি ঘনান্ধকারাঃ অঘনান্ধকারা ঘনান্ধকারাঃ সম্পদ্যমানাঃ কৃতা ইতি ঘনান্ধকারীকৃতাঃ। অভূততদ্ভাবে চ্বিঃ, অবর্ণস্য ঈত্বং চ। তাদৃশ্যঃ যাঃ শর্বর্য্যঃ রাত্রয়স্তাসু সূচীভেদ্যান্ধকারযুক্তাসু নিশাস্বিত্যর্থঃ

(১) বিদ্যুৎ (২) নায়কের জন্য সঙ্কেত স্থানগামী নায়িকা।

অপিশব্দাদ্দৃষ্টিপ্রতিরোধকত্বং সূচ্যতে ইতি ভাবঃ। তড়িৎপ্রভাদর্শিত-মার্গভূময়ঃ তড়িতঃ বিদ্যুতঃ প্রভা দীপ্তিঃ তড়িৎপ্রভা তয়া দর্শিতা দর্শনং কারিতা মার্গস্য ভূময়ঃ যাসাং তাস্তথোক্তাঃ, চপলাস্ফুরণেন গমনপথং পশ্যন্ত্যো ইতি ভাবঃ। অভিসারিকাঃ স্ত্রিয়ঃ কান্তার্থিন্যঃ রাগাদনুরাগাৎ প্রয়ান্তি গচ্ছন্তি সঙ্কেতিতস্থানমিতি শেষঃ। 'কান্তার্থিনী তু যা যাতি সঙ্কেতং সাভিসারিকা।' ইত্যমরঃ। অত্র তড়িতি প্রদীপত্বমুপন্যস্ত-মিতি ভাবঃ ॥১০॥

পয়োধরৈর্ভীমগভীরনিস্বনৈস্
তড়িদ্ভিরুদ্বেজিতচেতসো ভৃশম্।
কৃতাপরাধানপি যোষিতঃ প্রিয়ান্
পরিষ্বজন্তে শয়নে নিরন্তরম্ ॥ ১১ ॥

অর্থান্বয়ঃ। ভীমগভীরনিস্বনৈঃ (ভয়ঙ্কর গম্ভীর শব্দকারী) পয়োধরৈঃ (মেঘে) তড়িদ্ভিঃ (বিদ্যুতে) ভৃশম্ (অত্যন্ত)উদ্বেজিত-চেতসঃ (ব্যাকুল মন হয়ে অর্থাৎ ভয় পেয়ে) যোষিতঃ (নারীগণ) কৃতা-পরাধান্ অপি (অপরাধী হইলেও-অন্যস্ত্রীদর্শনাদি হেতু) প্রিয়ান্ (স্বামীকে) শয়নে (শয্যায়) নিরন্তরং (অবিরত) পরিষ্বজন্তে জড়িয়ে ধরছে) ॥ ১১ ॥

পয়োদ (১)-নিনাদ ঘোর পশিলে শ্রবণে
বিজলি চমকে ভয়ে যত নারীগণে,
শয্যাপরি অপরাধী প্রাণেশে তখন
অঙ্গে অঙ্গ মিশাইয়া করে আলিঙ্গন। ১১।

(১) মেঘ।

বিমলপ্রভা। পয়োধরৈরিতি। ভীমগভীরনিস্বনৈঃ ভীমশ্চ গভীরশ্চ নিস্বনঃ ধ্বনিঃ যেষাং তৈস্তথোক্তৈঃ ভীষণগম্ভীররবৈরিত্যর্থঃ। পয়োধরৈঃ কুচৈঃ, "পয়োধরঃ স্যাৎ কুচকোষকারকসেরুকাম্ভোধরনারিকেলে।" ইতিবিশ্বঃ। তথা তড়িদ্ভিঃ বিদ্যুদ্ভিশ্চ ভৃশং নিতান্তম্ উদ্বেজিতচেতসঃ উদ্বেজিতং চেতো যাসাং তাস্তথোক্তাঃ ব্যাকুলচিত্তা ইত্যর্থঃ। যোষিতঃ স্ত্রিয়ঃ, কৃতাপরাধান্ কৃতঃ অপরাধঃ পরস্ত্রী-সঙ্গাদিজন্যঃ যৈস্তে তান্ তথোক্তান্ কৃতদোষানপীত্যর্থঃ। প্রিয়ান্ পতীন্ 'ধবঃ প্রিয়ঃ পতির্ভর্ত্তা' ইত্যমরঃ। শয়নে শয্যায়াং নিরন্তরং সততং পরিষ্বজন্তে আলিঙ্গন্তি ভিয়েতি ভাবঃ ॥১১॥

বিলোচনেন্দীবরবারিবিন্দুভির্
নিষিক্তবিম্বাধরচারুপল্লবাঃ।
নিরস্তমাল্যাভরণানুলেপনাঃ
স্থিতা নিরাশাঃ প্রমদাঃ প্রবাসিনাম্ ॥ ১২ ॥

অর্থান্বয়ঃ। বিলোচনেন্দীবরবারিবিন্দুভিঃ (নীলপদ্মসদৃশ চোখের জলবিন্দুতে) নিষিক্তবিম্বাধরচারুপল্লবাঃ (তেলাকুচাফলের ন্যায় সুন্দর লাল ঠোঁট ভিজিয়ে) নিরস্তমাল্যাভরণানুলেপনাঃ (মালা, গহনা এবং গায়ে মাখিবার সুগন্ধ দ্রব্যাদি ত্যাগ করে) প্রবাসিনাং (বিদেশবাসীদিগের) প্রমদাঃ (স্ত্রীসকল) নিরাশাঃ (আশাশূন্য হয়ে-এই বর্ষাকালে স্বামীর সহিত মিলিত হবার আশা ত্যাগ করে) স্থিতাঃ (রয়েছে) ॥১২॥

নেত্র-কুবলয় (১) জলে সংসিক্ত করিয়া
সুকোমল বিম্বাধর, সকলি ত্যজিয়া
মালা আভরণ আর যত বিলেপন
প্রোষিত-ভর্তৃকা (২) হায় নিরাশে মগন। ১২।

(১) নীলপদ্ম (২) বিদেশ গত লোকের স্ত্রী।

বিমলপ্রভা। বিলোচনেত্যাদি। বিলোচনেন্দীবরবারিবিন্দুভিঃ বিলোচনানি নেত্রাণি ইন্দীবরাণীবেত্যুপমিতিসমাসঃ। তেষাং বারীণি তেষাং বিন্দবস্তৈঃ নিষিক্তবিম্বাধরচারুপল্লবাঃ বিম্বতুল্যা অধরা ইতি বিম্বাধরাঃ চারুপল্লবা ইব নিষিক্তা বিম্বাধরাশ্চারুপল্লবা ইব যাসাং তাস্তথোক্তাঃ। নিরস্তমাল্যাভরণানুলেপনাঃ আভরণানি চ অনুলেপনানিচেতিদ্বন্দ্বঃ। নিরস্তানি আভরণানুলেপনানি যাভিস্তাঃ ত্যক্তাভরণাস্তক্চন্দনাদিলেপনাশ্চেত্যর্থঃ। প্রবাসিনাং বিদেশস্থানাং যূনামিতার্থঃ। প্রমদাঃ স্ত্রিয়ঃ নিরাশাঃ পতিলাভে আশাশূন্যাঃ স্থিতাস্তস্থুঃ ॥১২॥

বিপাণ্ডুরং কীটরজস্তৃণান্বিতম্
ভুজঙ্গবদ্বক্রগতিপ্রসর্পিতম্।
সসাধ্বসৈর্ভেককুলৈ র্নিরীক্ষিতম্
প্রয়াতি নিম্নাভিমুখং নবোদকম্ ॥ ১৩ ॥

অর্থান্বয়ঃ। বিপাণ্ডুরং (পাণ্ডুরবর্ণ) কীটরজস্তৃণান্বিতং (পোকা-ধূলা ঘাসযুক্ত) ভুজঙ্গবদ্বক্রগতিপ্রসর্পিতং (সাপের মত বাঁকা গতিতে যাচ্ছে) সসাধ্বসৈঃ (সভয়ে) ভেককুলৈঃ (ব্যাংগুলা) নিরীক্ষিতং (দেখ্‌ছে-এমন) নবোদকং (নূতন জল) নিম্নাভিমুখং (নীচু দিকে) প্রয়াতি (যাচ্ছে) ॥ ১৩ ॥

ধূলা কীট তৃণে মিলি পাণ্ডুবর্ণ ধরি,
ভুজঙ্গের (১) বাঁকাগতি লইয়াছে মরি,
নবজল নীচুদিকে করিছে গমন
সভয়ে মণ্ডূক (২)-কুল করিছে দর্শন। ১৩।

---

(১) সর্প (২) ভেক।

বিমলপ্রভা। বিপাণ্ডুরমিতি। বিপাণ্ডুরং বিশেষেণ পাণ্ডুরবর্ণমিতি প্রাদিসমাসঃ। 'পাণ্ডুরো বর্ণতদ্বতোঃ।' ইতি হেমচন্দ্রঃ। কীটরজস্তৃণান্বিতং কীটাশ্চ রজাংসি চ তৃণানি চেতি দ্বন্দ্বঃ। তৈরন্বিতং যুক্তম্, ভুজঙ্গবৎ সর্পবৎ বক্রগতিপ্রসর্পিতং, বক্রগত্যা কুটিলগমনেন প্রসর্পিতং প্রসর্পণশীলম্ ; সসাধ্বসৈঃ সভয়ৈঃ ভেককুলৈঃ মণ্ডূকবর্গৈঃ নিরীক্ষিতং দৃষ্টং, নবোদকং নবমুদকমিতি নবোদকং নবজলং, নিম্নাভিমুখং নিম্নস্য নিম্নদেশস্য অভিমুখং সম্মুখং প্রয়াতি গচ্ছতি। জলস্য নিম্নগতিত্বাদিতি ভাবঃ ॥১৩॥

বিপত্রপুষ্পাং নলিনীং সমুৎসুকা
বিহায় ভৃঙ্গাঃ শ্রুতিহারিনিস্বনাঃ।
পতন্তি মূঢ়াঃ শিখিনাং প্রনৃত্যতাম্
কলাপচক্রেষু নবোৎপলাশয়া ॥ ১৪ ॥

অর্থান্বয়ঃ। সমুৎসুকাঃ (অতি অনুরক্ত) শ্রুতিহারিনিস্বনাঃ (শুনতে মিষ্ট শব্দকারী) মূঢ়াঃ (মূর্খ) ভৃঙ্গাঃ (ভ্রমরগণ) বিপত্রপুষ্পাং (পাতা ও ফুল শূন্য) নলিনীং (পদ্ম) বিহায় (ত্যাগ করে) প্রনৃত্যতাং (নাচিতেছে-এমন) শিখিনাং (ময়ূরগুলির) কলাপচক্রেষু (লেজেতে) নবোৎপলাশয়া (নূতন নীলপদ্ম মনে করে) পতন্তি (পড়ছে) ॥১৪॥

শ্রবণ মোহন আহা মধুর গুঞ্জনে
হীনপত্র কমলিনী ত্যজি অলিগণে
ঔৎসুক্যেতে, মূঢ়, নবনলিনী ভাবিয়া
নৃত্যশীল শিখিপুচ্ছে পড়িছে আসিয়া। ১৪।

বিমলপ্রভা। বিপত্রপুষ্পামিতি। সমুৎসুকাঃ সমুৎকণ্ঠিতা মধু-

পান ইতিশেষঃ। শ্রুতিহারিনিস্বনাঃ শ্রুতিং হরতীতি শ্রুতিহারী কর্ণ-সুখকর ইতি যাবৎ। নিস্বনঃ ধ্বনিঃ যেষাং তে তথোক্তাঃ ভৃঙ্গা ভ্রমরাঃ "'দ্বিরেফপুষ্পলিড্ ভৃঙ্গষট্পদভ্রমরালয়ঃ।' ইত্যমরঃ। বিপত্রপুষ্পাং পত্রাণি চ পুষ্পাণি চেতি পুত্রপুষ্পাণি বিগতানি পত্রপুষ্পাণি যস্যাস্তাং তাদৃশীং নলিনীং পদ্মিনীং 'নলিনী পদ্মিনী ব্যোমনিম্নগাকমলাকরে।' ইতি মেদিনী। বিহায় ত্যক্ত্বা, প্রনৃত্যতাং প্রকর্ষেণ নৃত্যং কুর্বতাং শিখিনাং ময়ূরাণাং 'শিখী বহ্নৌ বলীবর্দে শরে কেতুগ্রহে ক্রমে। ময়ূরে কুক্কুটে পুংসি' ইতি মেদিনী। কলাপচক্রেষু বর্হব্রজেষু 'কলাপোভূষণে বর্হে তূণীরে সংহতেঽপি চ।' ইতি বিশ্বঃ। 'চক্রঃ কোকে পুমান্ ক্লীবং ব্রজে সৈন্যরথাঙ্গয়োঃ।' ইতি মেদিনী। নবোৎপলাশয়া নবানি উৎ-পলানি তেষামাশা তয়া নবীনকুবলয়ভ্রান্ত্যা অতএব ভ্রান্তিমানলঙ্কারঃ। মূঢ়াঃ বিচারশক্তিশূন্যা ইত্যর্থঃ। পতন্তি গচ্ছন্তি ॥১৪॥

বনদ্বিপানাং নববারিদস্বনৈর্
মদান্বিতানাং ধ্বনতাং মুহুর্মুহুঃ।
কপোলদেশা বিমলোৎপলপ্রভাঃ
সভৃঙ্গযূথৈর্মদবারিভিশ্চিতাঃ ॥১৫ ॥

অর্থান্বয়ঃ। নববারিদস্বনৈঃ (নূতন মেঘের গর্জ্জনে) মদান্বি-তানাং (উন্মাদ হয়ে) মুহুর্মুহুঃ (বারবার) ধ্বনতাং (শব্দ করছে-এরূপ) বনদ্বিপানাং (বুনোহাতিগুলির) বিমলোৎপলপ্রভাঃ (নির্মল পদ্মের শোভাযুক্ত অর্থাৎ শাদা) কপোলদেশাঃ (গণ্ডস্থলে) সভৃঙ্গযূথৈঃ (ভ্রমরগুলার সহিত) মদবারিভিঃ (মদজল—মদা হাতির গণ্ডস্থল হতে একপ্রকার উৎকট গন্ধযুক্ত জল পড়ে, সেই জলই মদজল) চিতাঃ (ব্যাপ্ত হয়েছে) ॥ ১৫ ॥

নবঘন গরজনে আরণ্য-বারণ
মদে মত্ত বার বার করিছে গর্জ্জন,
বিমল-উৎপলপ্রভা কপোলে তাহার
ভৃঙ্গসহ মদবারি ঝরে অনিবার। ১৫।

বিমলপ্রভা। বনদ্বিপানামিতি। নববারিদস্বনৈঃ নবা জলপূর্ণা যে বারিদা মেঘাস্তেষাং স্বনৈঃ শব্দৈঃ, মদান্বিতানাং মদেন অন্বিতানাং যুক্তানাম্ অপরগজধ্বনিশঙ্কয়েতি ভাবঃ। অতএব মুহুর্মুহুঃ পুনঃ-পুনঃ ধ্বনতাং গর্জতাং বনদ্বিপানাং দ্বাভ্যাং মুখশুণ্ডাভ্যাং পিবতীতি দ্বিপঃ। বনস্থ দ্বিপা বনচারিণো দ্বিপা বনদ্বিপা ইতি বা। তেষাং বন্যহস্তিনামিত্যর্থঃ। বিমলোৎপলপ্রভা বিমলানি উৎপলানি ইন্দীবরাণি তেষাং প্রভেব প্রভা যেষাং তে তথোক্তাঃ। 'উৎপলং মাংসশূন্যে স্যাৎ কুষ্ঠেন্দীবরয়োরপি।' ইতি বিশ্বঃ। কপোলদেশা গণ্ডস্থলানি সভৃঙ্গ-যূথৈঃ ভৃঙ্গাণাং যূথা ইতি ভৃঙ্গযূথাঃ তৈঃ সহ বর্ত্তমানানি তৈঃ ভ্রমরকুল-সহিতৈরিত্যর্থঃ। মদবারিভিঃ মদজলৈঃ চিতাঃ ব্যাপ্তাঃ। মদজল-গন্ধেন ভ্রমরাণাং তত্রাগমনমিতিভাবঃ ॥১৫॥

সিতোৎপলাভাম্বুদচুম্বিতোপলাঃ
সমাচিতাঃ প্রস্রবণৈঃ সমন্ততঃ।
প্রবৃত্তনৃত্যৈঃ শিখিভিঃ সমাকুলাঃ
সমুৎসুকত্বং জনয়ন্তি ভূধরাঃ ॥ ১৬ ॥

অর্থান্বয়ঃ। সিতোৎপলাভাম্বুদচুম্বিতোপলাঃ (শাদা পদ্মের মত শাদা মেঘ পাথর ঢেকে ফেলেছে), সমন্ততঃ (চারিদিকে) প্রস্রবণৈঃ (ঝরণাতে) সমাচিতাঃ (ব্যাপ্ত রয়েছে), প্রবৃত্তনৃত্যৈঃ (নর্ত্তনশীল)

শিখিভিঃ (ময়ূরেতে) সমাকুলাঃ (ব্যাকুল) ভূধরাঃ (পর্ব্বত সকল) সমুৎসুকত্বং (আকুলতা) জনয়ন্তি (জন্মাচ্ছে) ॥ ১৬ ॥

শ্বেতপদ্ম আভা মেঘে ঢেকেছে উপলে (১),
চারিদিকে ব্যাপিয়াছে নির্ঝর সকলে,
হয়েছে প্রবৃত্ত নাচে যত শিখিগণ,
ভূধর (২) আকুলমন করিছে হরণ। ১৬।

বিমলপ্রভা। সিতেত্যাদি। সিতোৎপলাভাম্বুদচুম্বিতোপলাঃ। সিতানি উৎপলানি তেষামাভেব আভা দ্যুতিঃ (জলপাতে) যেষাং তাদৃশা যে অম্বুদা মেঘাস্তৈশ্চুম্বিতাঃ স্পৃষ্টা উপলাঃ পাষাণা যেষাং তে তথোক্তাঃ। 'পাষাণপ্রস্তরগ্রাবোপলাশ্মানঃ শিলা দৃষৎ' ইত্যমরঃ। সমন্ততঃ চতুর্দিক্ষু প্রস্রবণৈঃ নির্ঝরৈঃ 'উৎসঃ প্রস্রবণং বারিপ্রবাহে নির্ঝরোঝরঃ।' ইত্যমরঃ। সমাচিতা ব্যাপ্তাঃ। প্রবৃত্তনৃত্যৈঃ প্রবৃত্তং নৃত্যং যেষাং তৈস্তথোক্তৈঃ আরব্ধনর্ত্তনৈরিত্যর্থঃ। 'লাস্যং নৃত্যং চ নর্ত্তনে' ইত্যমরঃ। শিখিভিঃ ময়ূরৈঃ সমাকুলাঃ পরিব্যাপ্তাঃ ভূধরাঃ পর্বতাঃ সমুৎসুকত্বং সমুৎকণ্ঠাং প্রবাসিনাং চিত্তস্যেতি শেষঃ। জনয়ন্তি উৎপাদয়ন্তি ॥১৬॥

কদম্বসর্জার্জুনকেতকীবনম্
বিকম্পয়ংস্তৎকুসুমাধিবাসিতঃ।
সসীকরাম্ভোধরসঙ্গশীতলঃ
সমীরণঃ কং ন করোতি সোৎসুকম্ ॥ ১৭ ॥

[illegible]। কদম্বসর্জার্জুনকেতকীবনং (কদম সাল অর্জ্জুন ও কেতকী গাছগুলাকে) বিকম্পয়ং স্তৎকুসুমাধিবাসিতঃ (কাঁপিয়ে এবং

(১) প্রস্তর (২) পাহাড়।

ঐ সকল গাছের ফুলের গন্ধে সুগন্ধ) সসীকরাম্ভোধরসঙ্গশীতলঃ (জলকণাযুক্ত মেঘসংসর্গে শীতল) সমীরণঃ (বাতাস) কং (কাহাকে) সোৎসুকং (উৎকণ্ঠিত) ন (না) করোতি (কচ্ছে) ॥ ১৭ ॥

সসীকর-মেঘ সনে শীত-সমীরণে
কেতকী-অর্জ্জুন-নীপ (১)-সাল-তরুগণে
কাঁপায়ে, কুসুমগন্ধে করি আহরণ
করিছে আকুল, বল, নহে কার মন ? । ১৭ ।

বিমলপ্রভা। কদম্বেত্যাদি। কদম্বসর্জার্জ্জুনকেতকীবনং কদম্বাশ্চ সর্জাশ্চ অর্জ্জুনাশ্চ কেতক্যশ্চ তাসাং বনম্ 'কদম্বঃ সর্ষপে নীপে' ইতি হেমচন্দ্রঃ। 'অর্জ্জুনঃ ককুভে পার্থে' ইতি মেদিনী। কদম্বাদয়ো বৃক্ষভেদা ইত্যর্থঃ। বিকম্পয়ন্ বেপয়ন্ তৎকুসুমাধিবাসিতঃ তেষাং বৃক্ষাণাং কুসুমৈঃ পুষ্পৈরধিবাসিতঃ সুরভীকৃতঃ, সসীকরাম্ভোধরসঙ্গশীতলঃ সসীকরঃ সাম্বুকণঃ যঃ অম্ভোধরঃ মেঘঃ তস্য সঙ্গঃ সংযোগস্তেন শীতলঃ শীতঃ সমীরণঃ পবনঃ, কং জনং সোৎসুকম্ ঔৎসুক্যযুক্তং ন করোতি ন বিদধাতি অর্থাৎ সর্বমেবজনমুৎকণ্ঠিতং করোতীত্যর্থঃ। অত্র উৎসুক-শব্দো ভাবপরো নির্দিষ্টঃ। সর্জঃ সালতরুঃ। কদম্বাদিবনকম্পনেন মান্দ্যম্, তেষাং পুষ্পাণাং গন্ধেন সৌরভ্যম, মেঘজলস্পর্শাচ্চ শৈত্যমিতি বায়োস্ত্রিবিধা গুণা বোধ্যাঃ ॥ ১৭ ॥

শিরোরুহৈঃ শ্রোণিতটাবলম্বিভিঃ
কৃতাবতংসৈঃ কুসুমৈঃ সুগন্ধিভিঃ।
স্তনৈঃ সহারৈর্বদনৈঃ সসীধুভিঃ
স্ত্রিয়ো রতিং সংজনয়ন্তি কামিনাম্ ॥ ১৮ ॥

---

(১) কদম্ব গাছ।

অর্থান্বয়ঃ। স্ত্রিয়ঃ (যুবতীগণ) শ্রোণিতটাবলম্বিভিঃ (নিতম্ব-পর্য্যন্ত পড়েছে এমন) শিরোরুহৈঃ (চুলে) কৃতাবতংসৈঃ (কাণের গহনা করা হয়েছে এরূপ) সুগন্ধিভিঃ কুসুমৈঃ (সুগন্ধ ফুলেতে) সহারৈঃ (হারযুক্ত) স্তনৈঃ (স্তনেতে) সসীধুভিঃ (মদ্যপান করেছে এমন) বদনৈঃ (মুখেতে) কামিনাং (বিলাসীলোকসকলের) রতিং (প্রীতি) সংজনয়ন্তি (জন্মাইয়া দিচ্ছে ॥১৮॥

দুলিতেছে শ্রোণি-তটে চিকুর (১) চিকণ,
সুগন্ধি কুসুম মরি শ্রবণ-ভূষণ,
স্তনেতে শোভিছে হার, সীধু (২)-সিক্ত মুখে
বাড়াইছে কামি-মনে রতি, নারী সুখে। ১৮।

বিমল প্রভা! শিরোরুহৈরিতি। শ্রোণিতটাবলম্বিভিঃ শ্রোণি-তটে কটিপ্রদেশে অবলম্বন্তে ইতি শ্রোণিতটাবলম্বিনঃ তৈঃ নিতম্বদেশ-পর্য্যন্তলম্বিতৈরিত্যর্থঃ। শিরোরুহৈঃ কেশৈঃ 'চিকুরঃ কুন্তলোবালঃ কচঃ কেশঃ শিরোরুহঃ।' ইত্যমরঃ। কৃতাবতংসৈঃ কৃতঃ অবতংসঃ যৈস্তথোক্তৈঃ কৃতকর্ণপূরৈঃ কর্ণাভরণীকৃতৈরিতি যাবৎ। 'অবতংসো ন স্ত্রিয়াং স্যাৎ কর্ণপূরে চ শেখরে।' ইতি মেদিনী। সুগন্ধিভিঃ শোভন-গন্ধৈঃ। সু-গন্ধো যেষাং তানি সুগন্ধীনি তৈঃ। অত্র বহুব্রীহৌ সুশব্দাদ্ গন্ধাদিৎ। কুসুমৈঃ, সহারৈঃ হারসহিতৈঃ স্তনৈঃ কুচৈঃ, সসীধুভিঃ সমদ্যৈঃ বদনৈঃ, কামিনাং কামুকানাং পুরুষাণাং রতিং রাগং প্রীতি-মিত্যর্থঃ। 'রতিঃ স্মরস্ত্রিয়াং রাগে রতে' ইতি হেমচন্দ্রঃ। সংজনয়ন্তি সমুৎপাদয়ন্তীত্যর্থঃ ॥ ১৮ ॥

---

(১) চুল (২) মদ।

তড়িল্লতাশক্রধনুর্বিভূষিতাঃ
পয়োধরাস্তোয়ভরাবলম্বিনঃ।
স্ত্রিয়শ্চ কাঞ্চীমণিকুণ্ডলোজ্জ্বলা
হরন্তি চেতো যুগপৎপ্রবাসিনাম্ ॥ ১৯ ॥

অর্থান্বয়ঃ। তড়িল্লতাশক্রধনুর্বিভূষিতাঃ (বিদ্যুৎ ও ইন্দ্রধনুতে সুশোভিত) তোয়ভরাবলম্বিনঃ (জলভরে অবনত) পয়োধরাঃ (মেঘ-সকল) চ (এবং) কাঞ্চীমণিকুণ্ডলোজ্জ্বলাঃ (চন্দ্রহার ও মণিময় কাণের গহনাতে সুন্দর) স্ত্রিয়ঃ (রমণীগণ-পরকীয়া) প্রবাসিনাং (প্রবাসি-দের) চেতঃ (মন) যুগপৎ (একবারেই) হরন্তি (হরণ করছে) ॥১৯॥

ক্ষণপ্রভা (১), শক্রচাপে (২) শোভিত সুন্দর
জলভারে অবনত স্নিগ্ধ-পয়োধর (৩)
কাঞ্চী-মণি-কুণ্ডলেতে কামিনী শোভিয়া
একেবারে প্রবাসীর হরিতেছে হিয়া। ১৯।

বিমলপ্রভা। তড়িল্লতেত্যাদি। তড়িল্লতাশক্রধনুর্বিভূষিতাঃ তড়িৎ লতেবেতি তড়িল্লতা, সা চ শক্রধনুশ্চ তাভ্যাং বিভূষিতাঃ সুশো-ভিতাঃ, তোয়ভরাবলম্বিনঃ জলভারনতাঃ পয়োধরা মেঘাঃ। কাঞ্চীমণি-কুণ্ডলোজ্জ্বলাঃ মণিনির্মিতানি কুণ্ডলানি মণিকুণ্ডলানি কাঞ্চী চ মণিকুণ্ড-লানি চ তৈঃ উজ্জ্বলাঃ দীপ্তাঃ স্ত্রিয়শ্চ নার্য্যশ্চ প্রবাসিনাং বিদেশস্থিতানাং চেতশ্চিত্তং যুগপৎ সমমেব হরন্তি ব্যাকুলীকুর্ব্বন্তি। অত্র স্ত্রীশব্দেন পরকীয়া স্ত্রী জ্ঞেয়া, স্বীয়ায়াস্তদানীমসন্নিধানাদিতি ভাবঃ ॥ ১৯ ॥

---

(১) বিদ্যুৎ (২) ইন্দ্রধনু (৩) মেঘ।

মালাঃ কদম্ব-নবকেসর-কেতকীভির্‌
আয়োজিতাঃ শিরসি বিভ্রতি যোষিতোঽদ্য।
কর্ণান্তরেষু ককুভ-দ্রুম-মঞ্জরীভির্‌
ইচ্ছানুকূলরচিতানবতংসকাংশ্চ ॥ ২০ ॥

অর্থান্বয়ঃ। যোষিতঃ (যুবতীগণ) অদ্য (আজ) কদম্বনবকেসর-কেতকীভিঃ (কদমফুল, নবপ্রস্ফুটিত বকুলফুল এবং কেতকীফুল-প্রভৃতিতে) আয়োজিতাঃ (গাঁথা) মালাঃ (মালা সকল) শিরসি (মাথায়) বিভ্রতি (ধরেছে—পরেছে) ককুভদ্রুমমঞ্জরীভিঃ চ (এবং অর্জ্জুন গাছের কুড়িতে) ইচ্ছানুকূলরচিতানবতংসকান্‌ (ইচ্ছামত গহনা তৈয়ারী করে) কর্ণান্তরে (কাণেতে) বিভ্রতি (পরেছে) ॥২০॥

কদম্ব কেতকী নব কুসুমে কেশর
গাঁথি' মালা প'রে শিরে হরিষ অন্তর,
ককুভ (১)-মঞ্জরী করি কাণেরি ভূষণ
আপন ইচ্ছায় পরে বিলাসিনীগণ। ২০।

বিমলপ্রভা। মালা ইতি। যোষিতঃ স্ত্রিয়ঃ অদ্য অধুনা কদম্বনবকেসরকেতকীভিঃ নবানি কেসরাণি নবকেসরাণি, কদম্বানি নবকেসরাণি কেতক্যশ্চ তাভিঃ, অত্র সর্বত্র পুষ্পার্থে অণো লোপঃ। 'কেসরং হিঙ্গুনি ক্লীবং কিঞ্জল্কে ন স্ত্রিয়াং পুমান্‌। সিংহসটায়াং পুন্নাগে বকুলে নাগকেসরে।' ইতি মেদিনী। আয়োজিতাঃ সংযুক্তা নিবদ্ধা ইত্যর্থঃ। মালাঃ স্রজঃ মূর্দ্ধনি মস্তকে, তথা ককুভদ্রুমমঞ্জরীভিঃ ককুভ-

(১) অর্জ্জুন গাছ।

দ্রুমাণাং মঞ্জর্য্যস্তাভিঃ অর্জ্জুনবৃক্ষকলিকাভিঃ, ইচ্ছানুকূলরচিতান্ ইচ্ছয়া স্বেচ্ছাক্রমেণ অনুকূলং মনঃ প্রীতিকরং যথাস্যাৎ তথা রচিতান্ গ্রথিতান্ অবতংসকান্ কর্ণপূরান্ কর্ণাভরণানীতি যাবৎ। কর্ণান্তরেষু কর্ণমধ্যেষু কর্ণয়োরুপরিদেশেষিত্যর্থঃ। বিভ্রতি ধারয়ন্তি। বসন্ততিলকা-বৃত্তমেতৎ। 'উক্তা বসন্ততিলকা তভজা জগৌ গঃ' ইতি লক্ষণাৎ ॥২০॥

কালাগুরু-প্রচুরচন্দন-চর্চিতাঙ্গ্যঃ
পুষ্পাবতংস-সুরভীকৃত-কেশপাশাঃ।
শ্রুত্বা ধ্বনিং জলমুচাং ত্বরিতং প্রদোষে
শয্যাগৃহং গুরুগৃহাৎ প্রবিশন্তি নার্য্যঃ ॥ ২১ ॥

অর্থান্বয়ঃ। কালাগুরুপ্রচুরচন্দনচর্চিতাঙ্গ্যঃ (কৃষ্ণচন্দন শরীরে যথেষ্ট পরিমাণে মেখেছে) পুষ্পাবতংসসুরভীকৃতকেশপাশাঃ (ফুলের গহনা পরেঁ চুল সুগন্ধ করেছে এরূপ) নার্য্যঃ (কামিনীগণ) জলমুচাং (মেঘের) ধ্বনিং (গর্জ্জন) শ্রুত্বা (শুনে) ত্বরিতং (শীঘ্র) প্রদোষে (সন্ধ্যাকালে) গুরুগৃহাৎ (পূজনীয় লোকের ঘর ত্যাগ করে) শয্যাগৃহং (আপন শুইবার ঘরে) প্রবিশন্তি (প্রবেশ কর্‌ছে) ॥ ২১ ॥

অগুরু চন্দনে কায় চর্চিত করেছে,
পুষ্প অবতংসে (১) কেশ সুগন্ধি হয়েছে,
প্রদোষে পয়োদ নাদ শুনি, বালাগণ,
গুরুগৃহ ত্যজি গৃহে প্রবেশে তখন। ২১।

বিমলপ্রভা। কালাগুর্বিত্যাদি। কালাগুরুপ্রচুরচন্দনচর্চিতাঙ্গ্যঃ কালাগুরুঃ কৃষ্ণচন্দনবিশেষঃ, প্রচুরং চন্দনমিতি প্রচুরচন্দনং,কালা-

(১) গহনা—এখানে ফুলের মালা।

গুরুশ্চ প্রচুরচন্দনঞ্চ তাভ্যাং চর্চিতানি লিপ্তানি অঙ্গানি যাসাং তাস্তথোক্তাঃ। অত্র বহুব্রীহৌ অঙ্গশব্দাদীপ্। পুষ্পাবতংসসুরভীকৃত-কেশপাশাঃ পুষ্পনির্মিতঃ অবতংস ইতি পুষ্পাবতংসঃ তেন পৌষ্পেণ কর্ণাভরণেনেত্যর্থঃ। সুরভীকৃতঃ আমোদিতঃ কেশপাশঃ চিকুরকলাপঃ যাসাং তাস্তথোক্তাঃ। নার্য্যঃ স্ত্রিয়ঃ, জলমুচাং মেঘানাং ধ্বনিং শব্দং শ্রুত্বা আকর্ণ্য ত্বরিতং দ্রুতং প্রদোষে রজনীমুখে 'প্রদোষো রজনীমুখম্' ইত্যমরঃ। গুরুগৃহাৎ শ্বশুরভবনাদিত্যর্থঃ। শয্যাগৃহং যস্মিন্ গৃহে শয্যাস্তি তদ্‌গৃহমিত্যর্থঃ। প্রবিশন্তি যান্তি ॥ ২১ ॥

কুবলয়দলনীলৈরুন্নতৈস্তোয়নম্রৈর্
মৃদুপবনবিধূতৈর্মন্দমন্দং চলদ্ভিঃ।
অপহৃতমিব চেতস্তোয়দৈঃ সেন্দ্রচাপৈঃ
পথিকজনবধূনাং তদ্বিয়োগাকুলানাম্ ॥ ২২ ॥

অর্থান্বয়ঃ। কুবলয়দলনীলৈঃ (নীলপদ্মের পাতার ন্যায় নীলবর্ণ) উন্নতৈঃ (ঊর্দ্ধেস্থিত) তোয়নম্রৈঃ (জলেতে নত) মৃদুপবনবিধূতৈঃ (ধীরবাতাসে কাঁপ্‌ছে) মন্দমন্দং (আস্তে আস্তে) চলদ্ভিঃ (যাচ্ছে এমন) তোয়দৈঃ (মেঘেতে) সেন্দ্রচাপৈঃ (ইন্দ্রধনুকের সঙ্গে) তদ্বিয়োগাকুলানাং (প্রবাসী স্বামীর বিরহে ব্যাকুল) পথিকজনবধূনাং (প্রবাসস্থ লোকের স্ত্রীদের) চেতঃ (অন্তঃকরণ) অপহৃতম্ ইব (যেন হরণই কর্‌ছে) ॥২২॥

কুবলয়দলনীল, জলভরে নত,
মৃদুলপবনে ঊর্দ্ধে চলে মন্দ মত,
ইন্দ্রচাপে বিভূষিত জলধরগণ
হরিছে পথিক-বধূ (১) বিয়োগিনী মন। ২২।

(১) প্রবাসীর স্ত্রী।

বিমলপ্রভা কুবলয়েত্যাদি। কুবলয়দলনীলৈঃ কুবলয়স্য ইন্দীবরস্য দলং পত্রং তদ্বৎ নীলৈঃ কৃষ্ণবর্ণৈঃ, উন্নতৈঃ অত্যুচ্চৈঃ, তোয়নম্রৈঃ তোয়েন জলেন জলভরেণ নম্রৈঃ নতৈঃ, মৃদুপবনবিধূতৈঃ মৃদুঃ পবনস্তেন বিধূতৈঃ কম্পিতৈঃ লঘুবাতচলিতৈরিত্যর্থঃ। অতএব মন্দমন্দং ধীরং ধীরং মন্দপ্রকারমিতি প্রকারার্থে দ্বিরুক্তিঃ। চলন্তি গচ্ছন্তিঃ, সেন্দ্রচাপৈঃ ইন্দ্রধনুষা সহিতৈঃ, তোয়দৈর্মেঘৈঃ, তদ্বিয়োগাকুলানাং তেষাং পথিকজনানাং যঃ বিয়োগঃ বিরহস্তেন আকুলা ব্যাকুলাস্তাসাং, পথিকজনবধূনাং পথিকাঃ প্রবাসিনঃ যে জনাস্তেষাং বধ্বস্তাসাং চেতঃ মনঃ অপহৃতমিব হৃত্বা গৃহীতমিবেত্যুৎপ্রেক্ষা ॥ ২২ ॥

মুদিত ইব কদম্বৈর্জাতপুষ্পৈঃ সমন্তাৎ
পবনচলিতশাখৈঃ শাখিভির্নৃত্যতীব।
হসিতমিব বিধত্তে সূচিভিঃ কেতকীনাম্
নবসলিলনিষেকচ্ছিন্নতাপো বনান্তঃ ॥ ২৩ ॥

অর্থান্বয়ঃ। নবসলিলনিষেকচ্ছিন্নতাপঃ (নূতন বৃষ্টির জলে উত্তাপ নষ্ট হয়েছে—এমন) বনান্তঃ (বনপ্রান্ত) জাতপুষ্পৈঃ (ফুল ফুটেছে এমন) কদম্বৈঃ (কদমগাছে) মুদিত ইব (যেন আনন্দিত হয়েছে) সমন্তাৎ (এদিক ওদিক) পবনচলিতশাখৈঃ (বাতাসে নড়্ছে ডাল গুলায় যার এমন) শাখিভিঃ (গাছ) নৃত্যতি ইব (যেন নাচ্ছে) কেতকীনাং (কেতকী ফুলের) সূচিভিঃ (কাঁটাতে) হসিতম্ ইব (যেন হাসিই) বিধত্তে (ধর্ছে ॥ ২৩ ॥

আমোদে রোমাঞ্চ করে কদম ফুটিয়া,
যেন রে নাচিছে তরু পবনে ঢুলিয়া,
কেতকীকণ্টকে যেন হাসিতেছে মরি,
নবজলে বনান্তের তাপ দূর করি। ২৩।

বিমলপ্রভা। মুদিত ইবেতি। নবসলিলনিষেকচ্ছিন্নতাপঃ নবং সলিলমিতি নবসলিলং নবোদকং তস্য নিষেকঃ বর্ষণং তেন ছিন্নঃ নিবারিতঃ তাপঃ দাহঃ যস্য স তথোক্তঃ, বনান্তঃ, বনপ্রান্তঃ জাতপুষ্পৈঃ জাতানি পুষ্পাণি যেষাং তৈঃ, পুষ্পিতৈরিত্যর্থঃ। কদম্বৈঃ নীপৈঃ মুদিত ইব হৃষ্ট ইবেত্যুৎপ্রেক্ষা। এবং পরত্রাপি যোজ্যম্‌। সমন্তাৎ চতুর্দিক্ষু পবনচলিতশাখৈঃ পবনেন চলিতাঃ শাখা যেষাঃ তৈঃ বাতকম্পিতবিটপৈরিত্যর্থঃ। শাখিভিঃ বৃক্ষৈঃ 'বৃক্ষো মহীরুহঃ শাখী' ইত্যমরঃ। নৃত্যতীব নৃত্যং করোতীবেত্যুৎপ্রেক্ষা। তথা কেতকীনাং কেতকীবৃক্ষাণাং সূচিভিঃ কণ্টকৈঃ হসিতমিব হাস্যমিব ইত্যুৎপ্রেক্ষা। বিধত্তে করোতি। অত্র অচেতনে চেতনধর্মাণাং হর্ষনৃত্যহাসানামারোপাদ্রূপকালঙ্কারঃ স চ উৎপ্রেক্ষয়া ব্যজ্যত ইতি রূপকোৎপ্রেক্ষয়োঃ সংসৃষ্টিঃ ॥ ২৩ ॥

শিরসি বকুলমালাং মালতীভিঃ সমেতাম্‌
বিকসিতনবপুষ্পৈর্যূথিকাকুড্মলৈশ্চ।
বিকচনবকদম্বৈঃ কর্ণপূরং বধূনাম্‌
রচয়তি জলদৌঘঃ কান্তবৎ কাল এষঃ ॥২৪॥

অর্থান্বয়ঃ। জলদৌঘঃ (মেঘে ঢাকা) এষঃ কালঃ (এই বর্ষাকাল) কান্তবৎ (স্বামীর ন্যায়) বধূনাং (স্ত্রীদের) শিরসি (মাথায়) মালতীভিঃ সমেতাম্‌ (মালতী ফুলের সঙ্গে) বকুলমালাং (বকুলফুলের মালা) বিকসিতনবপুষ্পৈঃ (নব প্রস্ফুটিত ফুলেতে) যূথিকাকুড্মলৈঃ (এবং যূথিকার কুঁড়িতে) বিকচনবকদম্বৈঃ (নূতন ফুটন্ত কদম ফুলে) কর্ণপূরং (কাণের গহনা) রচয়তি (তৈয়ারী করছে ॥ ২৪ ॥

বকুল মালতী আর নবফুল্লফুলে
গাঁথি মালা দেয় শিরে, যূথিকা মুকুলে:
বিকচ কদম্বফুল শ্রবণে বধূর
পরাইছে কান্তসম প্রাবৃট্‌ (১) মধুর। ২৪।

(১) বর্ষাকাল।

বিমলপ্রভা। শিরসীতি। জলদৌঘঃ জলদানাং মেঘানাম্ ওঘঃ সমূহো যস্মিন্ স তথোক্তঃ। 'ওঘোবৃন্দেঽম্ভসাং রয়ে' ইত্যমরঃ। এবং অয়ং কালঃ বর্ষাকাল ইত্যর্থঃ। কান্তবৎ পতিবৎ বধূনাং নারীণাং শিরসি মালতীভিঃ মালতীপুষ্পৈঃ সমেতাং যুক্তাং বকুলমালাং কেসর-কুসুমস্রজম্ রচয়তি বিধত্তে, তথা বিকসিতনবপুষ্পৈঃ প্রস্ফুটিতনবীন-কুসুমৈঃ, যূথিকাকুড্মলৈঃ যূথিকায়াঃ মাগধ্যাঃ কুড্মলাঃ মুকুলাস্তৈঃ, 'অথ মাগধী। গণিকা যূথিকাম্বষ্ঠা' ইতি। 'কুড্মলোমুকুলোঽস্ত্রিয়াম্' ইতি চামরঃ। বিকচনবকদম্বৈশ্চ নবানি কদম্বানি নবকদম্বানি বিকচানি নবকদম্বানি তৈঃ, বিকসিতনূতননীপকুসুমৈরিত্যর্থঃ। কর্ণপূরম্ অবতংসং কর্ণাভরণমিতি যাবৎ। রচয়তি করোতি ॥ ২৪ ॥

দধতি বরকুচাগ্রৈরুন্নতৈর্হারযষ্টিম্
প্রতনুসিতদুকূলান্যায়তৈঃ শ্রোণিবিম্বৈঃ।
নবজলকণসেকাদুদ্গতাং রোমরাজীম্
ললিত-বলি-বিভঙ্গৈর্মধ্যদেশৈশ্চ নার্যঃ ॥২৫॥

অর্থান্বয়ঃ। নার্য্যঃ (নারীগণ) উন্নতৈঃ বরকুচাগ্রৈঃ (উচু উত্তম স্তনের অগ্রভাগে) হারযষ্টিং (হার) দধতি (ধারণ করেছে), আয়তৈঃ (বড়) শ্রোণিবিম্বৈঃ (নিতম্বদেশে) প্রতনু-সিত-দুকূলানি দধতি (পাত্‌লা শাদা কাপড় পরেছে), ললিতবলিবিভঙ্গৈঃ (এবং সুন্দর ত্রিবলিযুক্ত) মধ্যদেশৈঃ (কোমরেতে) নবজলকণসেকাৎ উদ্গতাং (নূতন বৃষ্টির জল গায়ে পড়ায়) রোমরাজীং দধতি (গায়ের চুল কাঁটা দিয়ে উঠেছে) ॥২৫॥

পীনোন্নতপয়োধরে হারযষ্টি ধরে,
শ্রোণিবিম্বে সুচিকণ শ্বেতবাস পরে,
ললিত ত্রিবলি (১)-ভঙ্গে নারীমধ্যদেশে
রোমাঞ্চ করেছে নবসলিল প্রবেশে। ২৫।

---

(১) উদরে মাংস সঙ্কোচ জনিত রেখাত্রয়।

বিমলপ্রভা। দধতীতি। নার্য্যঃ স্ত্রিয়ঃ উন্নতৈঃ উর্দ্ধোদ্গতৈঃ বরকুচাগ্রৈঃ বরাঃ শ্রেষ্ঠাঃ কুচাস্তেষাম্ অগ্রৈঃ অগ্রভাগৈঃ পীনবর্ত্তুল-স্তনাগ্রভাগৈরিত্যর্থঃ। হারযষ্টিং হারলতাম্ 'যষ্টির্হারলতাশাস্ত্রভেদয়োর্ধ্বজদণ্ডকে'। ইতি বিশ্বঃ। আয়তৈর্দীর্ঘৈঃ শ্রোণিবিম্বৈঃ স্ত্রীপশ্চাৎকটি-ভাগৈঃ, প্রতনুসিতদুকূলানি প্রতনূনি সূক্ষ্মাণি সিতানি শুভ্রাণি চ দুকূলানি ক্ষৌমবস্ত্রাণি 'দুকূলং তু ক্ষৌমে সূক্ষ্মাংশুকেঽপি চ' ইতি বিশ্বঃ। ললিতবলিবিভঙ্গৈঃ বলীনাম্ উদরাবয়বাণাং ত্রিবলীনামিতি যাবৎ। বিভঙ্গঃ কৌটিল্যং, ললিতঃ বলিবিভঙ্গো যেষাং তৈস্তথোক্তৈঃ 'বলি-শ্চামরদণ্ডে চ জরয়া শ্লথচর্ম্মণি। উদরাবয়বে দৈত্যে।' ইতি বিশ্বঃ। 'ভঙ্গস্তরঙ্গে মেদে চ রুগ্‌বিশেষে পরাজয়ে। কৌটিল্যে' ইতি হেমচন্দ্রঃ। মধ্যদেশৈঃ মধ্যভাগৈশ্চ নবজলকণসেকাৎ নবীনং জলং তস্য কণানাং সেকস্তস্মাৎ নবশীকরসেচনাৎ উদ্‌গতাম্ উৎপন্নাং রোমরাজীং রোমাবলীং রোমাঞ্চ-শ্রেণীং দধতি বিভ্রতি ॥ ২৫ ॥

নবজলকণসঙ্গাচ্ছীততামাদধানঃ
কুসুমভরনতানাং লাসকঃ পাদপানাম্।
জনিতরুচিরগন্ধঃ কেতকীনাং রজোভিঃ
পরিহরতি নভস্বান্ প্রোষিতানাং মনাংসি ॥২৬॥

অর্থান্বয়ঃ। নবজলকণসঙ্গাৎ শীততামাদধানঃ (নূতন জল পেয়ে ঠাণ্ডা হয়ে) কুসুমভরনতানাং (ফুলভারে নত) পাদপানাং (গাছগুলির) লাসকঃ (সঙ্গে থেকে) কেতকীনাং রজোভিঃ (কেতকী ফুলের পরাগে) জনিতরুচিরগন্ধঃ (সুগন্ধ হয়ে) নভস্বান্ (বায়ু) প্রোষিতানাং (যাহারা বিদেশে আছে তাহাঁদের) মনাংসি (মন) পরিহরতি (হরণ করছে) ॥২৬॥

নবজলসেকে কিবা শীতল হয়েছে,
ফুলভরে নত তরুবরে আশ্রয় করেছে,
কেতকী-পরাগ (১) মাখি সুগন্ধ পবন
প্রোষিত যুবক মন করিছে হরণ। ২৬।

বিমলপ্রভা। নবজলেত্যাদি। নবজলকণসঙ্গাৎ নবানাং জলকণানাং সঙ্গাৎ নবোদকসম্পর্কাৎ শীততাং শৈত্যম্ আদধানঃ জনয়ন্ দধাতেঃ শানচ্। এতেন শৈত্যমুক্তম্। কুসুমভরনতানাং কুসুমানাং ভরঃ তেন নতানাং পুষ্পভারনম্রাণাম্, পাদপানাং তরূণাং 'বিটপী-পাদপস্তরুঃ' ইত্যমরঃ। লাসকঃ লাসয়তীতি লাসকঃ নর্ত্তকঃ, এতেন-মান্দ্যমুক্তম্। কেতকীনাং কেতকীপুষ্পাণাং রজোভিঃ পরাগৈঃ 'রজো-রেণুপরাগয়োঃ।' ইতি হেমচন্দ্রঃ। জনিতরুচিরগন্ধঃ রুচিরঃ মনোহরঃ গন্ধ ইতি রুচিরগন্ধঃ জনিতঃ উৎপাদিতঃ রুচিরগন্ধো যস্য স তথোক্তঃ। এতেন সৌরভ্যমুক্তম্। নভস্বান্ বায়ুঃ 'নভস্বদ্বাতপবনপবমান-প্রভঞ্জনাঃ।' ইত্যমরঃ। প্রোষিতানাং প্রবাসিনাং মনাংসি চেতাংসি হরতি আদত্তে ॥ ২৬ ॥

জলভরবিনতানামাশ্রয়োঽস্মাকমুচ্চৈর্
অয়মিতি জলসেকৈস্তোয়দাস্তোয়নম্রাঃ।
অতিশয়পরুষাভির্গ্রীষ্মবহ্নেঃ শিখাভিঃ
সমুপজনিততাপং হ্লাদয়ন্তীব বিন্ধ্যম্ ॥ ২৭ ॥

অর্থান্বয়ঃ। তোয়নম্রাঃ (জলভরে নত) তোয়দাঃ (মেঘদল) জলভরবিনতানাং (জলের ভারে অবনত) অস্মাকং (আমাদের) অয়ং

---

(১) পুষ্পরেণু।

(এই-বিন্ধ্যপর্বত) আশ্রয়ঃ (আশ্রয় স্থান) ইতি (এই নিমিত্তই) অতিশয়পরুষাভিঃ গ্রীষ্মবহ্নেঃ (অত্যন্ত তেজঃশালী গ্রীষ্মরূপ আগুনের) শিখাভিঃ (শিখাতে) সমুপজনিততাপং (অতি তপ্ত) বিন্ধ্যং (বিন্ধ্য গিরিকে) জলসেকৈঃ (জল ঢেলে) হ্লাদয়ন্তি ইব (যেন আনন্দিত কর্‌ছে) ॥২৬॥

জলভরে অবনত আমরা যখন
ইনিই আশ্রয় ভাবি জলধরগণ,
ভীষণনিদাঘে তপ্ত যেই বিন্ধ্যাচল
আমোদিত করে তারে ঢালি ধারাজল। ২৭।

বিমলপ্রভা। জলভরেত্যাদি। তোয়নম্রাঃ তোয়েন নম্রাঃ জলভারনতাঃ তোয়দা জলদাঃ, জলভরবিনতানাং তোয়ভারবিনম্রাণাম্ অস্মাকম্, উচ্চৈঃ উন্নতঃ অয়ং বিন্ধ্যাচলঃ আশ্রয় আধারঃ। ইতি হেতোঃ 'ইতি হেতুপ্রকরণপ্রকাশাদিসমাপ্তিষু।' ইত্যমরঃ। অতিশয়পরুষাভিঃ অতিশয়ং পরুষাঃ দারুণাস্তাভিঃ অত্যন্তভীষণাভিরিত্যর্থঃ। 'পরুষং কর্বুরে রূক্ষে' ইতি বিশ্বহেমচন্দ্রৌ। গ্রীষ্মবহ্নেঃ গ্রীষ্ম এব বহ্নিস্তস্য নিদাঘরূপানলস্য শিখাভিঃ জ্বালাভিঃ 'বহ্নের্দ্বয়োর্জ্বালকীলাবর্চির্হেতিঃ শিখা স্ত্রিয়াম্' ইত্যমরঃ। সমুপজনিততাপম্ সমুপজনিতঃ তাপঃ যস্য তং তথোক্তং সম্যগুৎপাদিতদাহমিত্যর্থঃ। বিন্ধ্যং বিন্ধ্যাচলং হ্লাদয়ন্তীব আনন্দয়ন্তীবেত্যুৎপ্রেক্ষা। অত্র গ্রীষ্মে বহ্নিত্বারোপাদ্রূপকালঙ্কারঃ, স চ উৎপ্রেক্ষয়া সংসৃজ্যত ইত্যুভয়োঃ সঙ্করঃ ॥ ২৭ ॥

ব[illegible]গুণরমণীয়ঃ কামিনীচিত্তহারী
তরুবিটপলতানাং বান্ধবো নির্বিকারঃ।
জলদসময় এষ প্রাণিনাং প্রাণভূতো
দিশতু তব হিতানি প্রায়শো বাঞ্ছিতানি ॥২৮॥

ইতি মহাকবি-শ্রীকালিদাসকৃতে ঋতুসংহারে বর্ষাবর্ণনং নাম দ্বিতীয়ঃ সর্গঃ॥

অর্থান্বয়ঃ। বহুগুণরমণীয়ঃ (নানাগুণে সুন্দর) কামিনীচিত্তহারী (স্ত্রীলোকের মন মজাতে পটু) তরুবিটপলতানাং (গাছ, ডাল ও লতার) বান্ধবঃ (বন্ধু) নির্ব্বিকারঃ (বিকারশূন্য), প্রাণিনাং (জীবগণের) প্রাণভূতঃ (প্রাণ সমান) এষঃ (এই) জলদসময়ঃ (বর্ষাকাল) তোমার) প্রায়শঃ (অনেক কোরে) বাঞ্ছিতানি (অভিলষিত) হিতানি (মঙ্গল সকল) দিশতু (দান করুক) ॥২৮॥

নারীচিত্তহারী, বহুগুণে রমণীয়,
তরুলতাদলে যেই বান্ধব অমিয়,
জীবের জীবন এই জলদ সময়
তব আশ পূরি হো'ক মঙ্গল নিলয়। ২৮।

বিমলপ্রভা। বহুগুণেত্যাদি। বহুগুণরমণীয়ঃ বহবোগুণা রূপাদয়স্তৈঃ রমণীয়ঃ রম্যঃ 'গুণো মৌর্ব্যামপ্রধানে রূপাদৌ মূঢ় ইন্দ্রিয়ে।' ইতি মেদিনী। কামিনীচিত্তহারী চিত্তং হরতীতি চিত্তহারী, কামিনীনাং স্ত্রীণাং চিত্তহারী চিত্তাকর্ষক ইত্যর্থঃ। তরুবিটপলতানাং তরবশ্চ বিটপাশ্চ শাখাশ্চ লতাশ্চ ব্রততয়শ্চ তাস্তাসাম্ 'বল্লী তু ব্রততির্লতা' ইত্যমরঃ। বান্ধবঃ সুহৃৎ। 'নতবিটপিলতানাম্' ইতি পাঠে নতা বিটপিন ইতি নতবিটপিনঃ লতাশ্চ তাসামিত্যর্থঃ। নির্ব্বিকারঃ নির্ নাস্তি বিকারো যস্য স স্থিরপ্রকৃতিরিত্যর্থঃ। এতেন মহত্ত্বং সূচ্যতইতিভাবঃ। প্রাণিনাং জীবানাং প্রাণভূতঃ জীবনস্বরূপঃ এষঃ অয়ং জলদসময়ঃ বর্ষাকালঃ প্রায়শঃ বাহুল্যেন প্রায়শব্দাচ্ছশস্। তব বাঞ্ছিতানি অভীষ্টানি তবেতি কর্ত্তরি ষষ্ঠী। হিতানি শুভানি দিশতু যচ্ছতু ॥ ২৮ ॥

ইতি শ্রীরামকৃষ্ণতপস্বিবিরচিতা বিমলপ্রভাখ্যা বর্ষাবর্ণনব্যাখ্যা সমাপ্তা ॥

তৃতীয়ঃ সর্গঃ।

শরৎ।

কাশাংশুকা বিকচপদ্মমনোজ্ঞবক্ত্রা
সোন্মাদহংসরবনূপুরনাদরম্যা।
আপক্কশালিরুচিরা তনুগাত্রযষ্টিঃ
প্রাপ্তা শরন্নববধূরিব রূপরম্যা॥ ১॥

অর্থান্বয়ঃ। কাশাংশুকা (কাশফুলের মত কাপড় অর্থাৎ শাদা কাপড় পরা ; পক্ষে—কাশফুলই যার কাপড়) বিকচপদ্মমনোজ্ঞবক্ত্রা (ফোটা পদ্মের ন্যায় সুন্দর মুখ যুক্ত ; পক্ষে—ফোটা পদ্মই যার মুখ) সোন্মাদহংসরবনূপুরনাদরম্যা (উন্মত্ত হাঁসের ডাকের মত ঘুমুরের শব্দেতে রমণীয় ; পক্ষে—মত্ত হাঁসের ডাকই যার মনোহর ঘুমুরের শব্দ) আপক্কশালিরুচিরা (সম্পূর্ণরূপে পাকা শালিধানের ন্যায় সুন্দর ; পক্ষে—আপক্ক শালিই হয়েছে সুন্দর) তনুগাত্রযষ্টিঃ (ক্ষীণ দেহ 'যার') রূপরম্যা (রূপেতে সুন্দর) শরৎ (শরৎকাল) নববধূঃ ইব (নূতন বিবাহিত বধূর ন্যায়) প্রাপ্তা (আসিয়াছে) ॥ ১ ॥

পরি, কাশ-ফুল-বাস, ফুল্ল-পদ্ম-মুখভাস,
উন্মত্ত-মরাল (১)-রব বাজিছে নূপুর,
পক্ক-শালি (২) মনোহর দেহ-লতা ক্ষীণ তর
নববধূ বেশে আসে শরৎ মধুর। ১।

---

(১) হংস (২) একরূপ ধান।

বিমলপ্রভা। অথ বর্ষাবর্ণনাৎ পরং ক্রমপ্রাপ্তং শরৎকালং বর্ণয়িতুমুপক্রমতে কাশাংশুকেতি। কাশাংশুকা কাশমেব কাশপুষ্পমেব অংশুকং সূক্ষ্মবস্ত্রং যস্যাঃ সা তথোক্তা। পক্ষে কাশমিব অংশুকং যস্যাঃ সা। 'কাশস্তৃণে রোগভেদে।' ইতি। 'অংশুকঃ সূক্ষ্মবাসসি' ইতি চ হেমচন্দ্রঃ। বিকচপদ্মমনোজ্ঞবক্ত্রা বিকচং প্রফুল্লং পদ্মমেব মনোজ্ঞং মনোহরং বক্ত্রং মুখং যস্যাঃ সা তথোক্তা। পক্ষে বিকচপদ্মমিব মনোজ্ঞং বক্ত্রং যস্যাঃ সা। সোন্মাদহংসরবনূপুরনাদরম্যা সোন্মাদা উন্মত্তা যে হংসাস্তেষাং রবঃ ধ্বনিঃ স এব নূপুরনাদঃ মঞ্জীরশব্দস্তেন রম্যা রমণীয়া। পক্ষে সোন্মাদহংসানাং রব ইব যো নূপুরনাদস্তেন রম্যা। আপক্কশালিরুচিরা আ সর্বতোভাবেন পক্কা যে শালয়ো ব্রীহয়স্তৈরেব রুচিরা। পক্ষে আপক্কশালিরিব রুচিরা। অতএব তনুগাত্রযষ্টিঃ তন্বী ক্ষীণা গাত্রযষ্টির্দেহলতা যস্যাঃ সা তথোক্তা। উভয়ত্র সাম্যম্। তথা রূপরম্যা রূপেণ সৌন্দর্য্যেণ আকৃত্যা বা রম্যা রুচিরা। 'রূপমাকারসৌন্দর্য্যনাণকেষ্বপি দৃশ্যতে।' ইতি ত্রিকাণ্ডশেষঃ। শরৎ শরৎকালঃ নববধূরিব নবীনা অঙ্গনেব প্রাপ্তা উপস্থিতা। অত্র রূপকোপময়োঃ সঙ্করঃ। বসন্ততিলকা বৃত্তম্। লক্ষণং তু পূর্ব্বমুক্তম্ ॥ ১ ॥

কাশৈর্মহী শিশিরদীধিতিনা রজন্যো
হংসৈর্জলানি সরিতাং কুমুদৈঃ সরাংসি।
সপ্তচ্ছদৈঃ কুসুমভারনতৈর্বনান্তাঃ
শুক্লীকৃতান্যুপবনানি চ মালতীভিঃ ॥ ২ ॥

অর্থান্বয়ঃ। কাশৈঃ (কাশফুলে) মহী (পৃথিবীকে), শিশিরদীধিতিনা (চাঁদেতে) রজন্যঃ (রাত্রিসকলকে), হংসৈঃ সরিতাং জলানি (হাঁসগুলায় নদীর জলকে), কুমুদৈঃ সরাংসি (নালফুলে

পুকুরগুলিকে), কুসুমভারনতৈঃ (ফুলভরে অবনত) সপ্তচ্ছদৈঃ (সাতিম-গাছে) বনান্তাঃ (বনের শেষসীমাকে) মালতীভিঃ চ (এবং জাতি-ফুলেতে) উপবনানি (বাগানগুলিকে) শুক্লীকৃতানি (শাদা করেছে) ॥২॥

কাশফুলে এবে ধরা, চাঁদে নিশি মনোহরা,
মরালে তটিনী, সর কুমুদ-বিকাশে,
সপ্তচ্ছদে (১) ভারাক্রান্ত ফুল দলে বনপ্রান্ত,
জাতি ফুলে উপবন, ধরে শুক্ল ভাসে।২।

বিমলপ্রভা। কাশৈরিতি। কাশৈঃ তৃণকুসুমৈঃ মহী শুক্লীকৃতেতি শেষঃ। শিশিরদীধিতিনা শিশিরা দীধিতয়ো যস্য স তেন হিমাংশুনা চন্দ্রেণেতি যাবৎ। 'ভানুঃ করো মরীচিঃ স্ত্রীপুংসয়োর্দীধিতিঃ স্ত্রিয়াম্‌।' ইতি। 'হিমাংশুশ্চন্দ্রমাশ্চন্দ্রঃ' ইতি চামরঃ। রজন্যঃ যামিন্যঃ শুক্লীকৃতা ইতি শেষঃ। 'রজনী যমিনী তমী' ইত্যমরঃ। হংসৈঃ মরালৈঃ সরিতাং নদীনাং জলানি সলিলানি শুক্লীকৃতানীতিশেষঃ। কুমুদৈঃ কৈরবৈঃ 'কুমুদং কৈরবে রক্তপঙ্কজে কুমুদঃ কপৌ।' ইতিবিশ্বঃ। সরাংসি সরোবরাঃ। 'কাসারঃ সরসী সরঃ' ইত্যমরঃ। শুক্লীকৃতানীতি শেষঃ। কুসুমভারনতৈঃ পুষ্পভারনম্রৈঃ সপ্তচ্ছদৈঃ সপ্তপর্ণৈঃ বনান্তা বনপ্রান্তাঃ শুক্লীকৃতা ইতিশেষঃ। মালতীভিঃ জাতিপুষ্পৈঃ 'সুমনা মালতী জাতিঃ' ইত্যমরঃ। উপবনানি আরামাঃ 'আরামঃ স্যাদুপবনম্‌' ইত্যমরঃ। শুক্লীকৃতানি শুক্লবর্ণানি কৃতানি। অত্র সর্বত্র যথাক্রমং লিঙ্গ-ব্যত্যয়েন বচনব্যত্যয়েন চান্বয়ঃ কার্য্য ইত্যর্থঃ ॥ ২ ॥

(১) সাতিম গাছ।

চঞ্চন্মনোজ্ঞশফরীরসনাকলাপাঃ
পর্য্যন্তসংস্থিতসিতাণ্ডজপঙ্‌ক্তিহারাঃ।
নদ্যো বিশালপুলিনান্তনিতম্ববিম্বা
মন্দং প্রয়ান্তি সমদাঃ প্রমদা ইবাদ্য ॥৩॥

অর্থান্বয়ঃ। চঞ্চন্মনোজ্ঞশফরীরসনাকলাপাঃ (চঞ্চল সুন্দর পুটি-মাছের মালার মত চন্দ্রহার পরা; পক্ষে—চঞ্চল সুন্দর শফরীর চন্দ্রহার পরা) পর্য্যন্তসংস্থিতসিতাণ্ডজপঙ্‌ক্তিহারাঃ (শেষ সীমায় উপবিষ্ট শাদা মরালসমূহ সদৃশ হার পরা; পক্ষে—শেষ সীমায় উপবিষ্ট শ্বেতহংস গুলির হার পরা) বিশালপুলিনান্তনিতম্ববিম্বাঃ ('নদীর বড় চড়ার মত প্রশস্ত নিতম্ব যুক্ত; পক্ষে—বিশাল তটই যার নিতম্ব এমন) নদ্যঃ (নদী-সকল) সমদাঃ (যৌবন গর্বে গর্বিতা) প্রমদাঃ ইব (নারীগণের মত) অদ্য (আজ-শরতে) মন্দং (ধীরে ধীরে) প্রয়ান্তি (যাচ্ছে) ॥ ৩ ॥

চঞ্চল মনোজ্ঞ (১) মরি শফরী-রসনা ধরি,
প্রান্তস্থিত হংসমালা হার করি পরে,
তীরপ্রান্ত সুবিপুল নিতম্ব হয়েছে স্থূল,
তটিনী সমদা বধূ মন্দগতি ধরে।৩।

বিমলপ্রভা। চঞ্চদিত্যাদি। চঞ্চন্মনোজ্ঞশফরীরসনাকলাপাঃ চঞ্চন্তী চপলা মনোজ্ঞা মনোহরা শফরী এব প্রোষ্ঠী এব রসনাকলাপঃ কাঞ্চীগুণঃ যাসাং তাস্তথোক্তাঃ। পক্ষে চঞ্চন্মনোজ্ঞশফরীব রসনাকলাপো যাসাং তাঃ। 'প্রোষ্ঠী তু শফরী দ্বয়োঃ' ইত্যমরঃ। পর্য্যন্ত-সংস্থিত-সিতাণ্ডজপংক্তিহারাঃ পর্য্যন্তে বনপ্রান্তে সংস্থিতা নিষণ্ণা যা সিতাণ্ডজানাং

---

(১) সুন্দর।

শুক্লখগানাং হংসাদীনামিত্যর্থঃ পংক্তিঃ রাজিঃ সৈব হারো যাসাং তাঃ তথোক্তাঃ পক্ষে পর্য্যন্তসংস্থিতানাং সিতাগুজানাং পঙ্ক্তিরিব হারো যাসাং তাঃ। 'বীথ্যালিরাবলিঃ পংক্তিশ্রেণীলেখাস্তু রাজয়ঃ' ইত্যমরঃ। বিশালপুলিনান্তনিতম্ববিম্বাঃ পুলিনস্য অন্তঃ পুলিনান্তঃ নদীতীরপ্রান্তঃ বিশালঃ বিপুলঃ যঃ পুলিনান্তঃ স এব নিতম্ববিম্বং জঘনমণ্ডলং যাসাং তাস্তথোক্তাঃ। পক্ষে বিশালঃ পুলিনান্ত ইব নিতম্ববিম্বং যাসাং তাঃ। নদ্যঃ সরিতঃ। সমদা মদ্যপানমত্তা যৌবনমত্তা বা প্রমদা ইব স্ত্রিয় ইব মন্দং ধীরং যথাস্যাৎ তথা অদ্য ইদানীং প্রয়ান্তি গচ্ছন্তি। অত্র রূপকোপমালঙ্কারৌ স্ফুটাবেব ॥ ৩ ॥

ব্যোম ক্বচিদ্রজতশঙ্খমৃণালগৌরৈস্
ত্যক্তাম্বুভির্লঘুতয়া শতশঃ প্রয়াতৈঃ।
সংলক্ষ্যতে পবনবেগচলৈঃ পয়োদৈঃ
রাজেব চামরবরৈরুপবীজ্যমানঃ ॥৪॥

অর্থান্বয়ঃ। ত্যক্তাম্বুভিঃ (জল ত্যাগ করায়) রজতশঙ্খমৃণাল-গৌরৈঃ (রূপা, শাঁক এবং পদ্মের ডাঁটার মত শাদা) লঘুতয়া (হাল্‌কা হওয়ায়) শতশঃ (শত শত খণ্ডে) প্রয়াতৈঃ (চল্‌ছে) পবনবেগ-চলৈঃ (বায়ুবেগে চঞ্চল হয়ে) পয়োদৈঃ (মেঘ সকল) ব্যোম (আকাশকে) ক্বচিৎ (কোনস্থানে) চামরবরৈঃ (শ্রেষ্ঠ চামর দিয়া) উপবীজ্যমানঃ (বাতাস খাচ্ছে—এমন) রাজা ইব (রাজার ন্যায়) সংলক্ষ্যতে (দেখাচ্ছে) ॥৪॥

কোথা ব্যোমে শ্বেতকায় শঙ্খ রৌপ্য বিস (১) প্রায়
হীনজল লঘু মেঘ শত খণ্ডে ধায়,
পয়োদ (২) পবন ঘায় চলে হেন দেখা যায়
নৃপে যথা নভ দেশে চামর ঢুলায়। ৪।

(১) মৃণাল (২) মেঘ।

বিমলপ্রভা। ব্যোমেতি। কচিৎ কুত্রচিৎ স্থলে ত্যক্তাম্বুভিঃ ত্যক্তম্ অম্বু জলং যৈস্তৈঃ জলশূন্যৈরিত্যর্থঃ। অতএব রজতশঙ্খমৃণাল-গৌরৈঃ রজতঞ্চ শঙ্খশ্চ মৃণালানি চ তানি রজতশঙ্খমৃণালানি তানীব গৌরাঃ শ্বেতবর্ণাস্তৈঃ। 'গৌরঃ পীতেঽরুণে শ্বেতে' ইতি মেদিনী। তথা লঘুতয়া ক্ষীণতয়া হেতুনা শতশঃ শতপ্রকারেণ ইতি সংখ্যাবাচক-শতশব্দস্য চশস্। প্রয়াতৈঃ চলিতৈঃ, পবনবেগচলৈশ্চ পবনস্য বেগঃ জবঃ তেন চলৈশ্চঞ্চলৈঃ পয়োদৈঃ মেঘৈঃ কর্তৃভিঃ, চামরবরৈঃ চামরেষু বরাস্তৈঃ শ্রেষ্ঠশ্বেতচামরৈঃ উপবীজ্যমানঃ সেব্যমানঃ রাজেব নৃপতিরিব ব্যোম আকাশং সংলক্ষ্যতে দৃশ্যতে। অত্র উপমালঙ্কারঃ স্পষ্টঃ ॥ ৪ ॥

ভিন্নাঞ্জনপ্রচয়কান্তি নভো মনোজ্ঞম্
বন্ধূকপুষ্পরচিতারুণতা চ ভূমিঃ।
বপ্রাশ্চ চারুকমলাবৃতভূমিভাগাঃ
প্রোৎকণ্ঠয়ন্তি ন মনো ভুবি কস্য যূনঃ ॥৫॥

অর্থান্বয়ঃ। ভিন্নাঞ্জনপ্রচয়কান্তি (মাড়া কাজলের ন্যায় শোভা যুক্ত) মনোজ্ঞং (সুন্দর) নভঃ (আকাশ) বন্ধূকপুষ্পরচিতারুণতা চ (এবং বন্ধূকফুলেতে লাল) ভূমিঃ (জমী), চারুকমলাবৃতভূমিভাগাঃ চ (এবং সুন্দর পদ্মেতে পরিপূর্ণ স্থানগুলি) বপ্রাঃ (তীরভূমি) ভুবি (জগতে) কস্য যূনঃ (কোন্ যুবার) মনঃ (মনকে) ন প্রোৎকণ্ঠয়ন্তি (অতি ব্যাকুল করছে না) ॥ ৫ ॥

প্রভিন্ন-কজ্জল (১) সম নীলাকাশ মনোরম,
বন্ধূককুসুমে ভূমি অরুণাভ হয়,
সুন্দর কমলচয় বপ্রভূমি (২) ঢাকি রয়,
কোন্ যুবা মন ইথে আকুলিত নয় ?। ৫।

---

(১) মাড়া কাজল (২) তটভূমি।

বিমলপ্রভা। ভিন্নাঞ্জনেত্যাদি। নভ আকাশং ভিন্নাঞ্জনপ্রচয়-কান্তি ভিন্নং যদঞ্জনং তস্য প্রচয়ঃ সমূহঃ তদ্বৎ কান্তিঃ দীপ্তির্যস্য তৎ তথোক্তং দলিতকজ্জলরাশিবৎ কৃষ্ণবর্ণমিত্যর্থঃ। অতএব মনোজ্ঞং মনোরমম্‌। ভূমিঃ পৃথিবী চ বন্ধূকপুষ্পরচিতারুণতা বন্ধূকানাং বন্ধুজীবকানাং পুষ্পৈঃ কুসুমৈঃ রচিতা সম্পাদিতা অরুণতা লৌহিত্যং যস্যাঃ সা তথোক্তা। 'বন্ধূকো বন্ধুজীবকঃ' ইত্যমরঃ। চারুকমলাবৃতভূমিভাগাঃ, চারূণি রম্যাণি যানি কমলানি পদ্মানি তৈরাবৃতাঃ পরিবেষ্টিতা ভূমিভাগা ভূমিপ্রদেশা যেষাং তে তথোক্তা বপ্রাশ্চ প্রাকারাশ্চ। 'স্যাচ্চয়ো বপ্রমস্ত্রিয়াম্‌। প্রাকারো বরণঃ শালঃ' ইত্যমরঃ। ভুবি ভূতলে কস্য যূনঃ তরুণস্য মনশ্চিত্তং ন প্রোৎকণ্ঠয়ন্তি ন প্রকর্ষেণ উদ্বেজয়ন্তি অপিতু সর্বস্যৈব যূন ইতি ভাবঃ। অত্র বিভক্তিব্যত্যয়েন অন্বয়ঃ কার্য্যঃ ॥ ৫ ॥

মন্দানিলাকুলিতচারুতরাগ্রশাখঃ
পুষ্পোদ্গমপ্রচয়কোমলপল্লবাগ্রঃ।
মত্তদ্বিরেফপরিপীতমধুপ্রসেকস্
চিত্তং বিদারয়তি কস্য ন কোবিদারঃ ॥৬॥

অর্থান্বয়ঃ। মন্দানিলাকুলিতচারুতরাগ্রশাখঃ (ধীর বাতাসে কাঁপ্‌ছে এমন অতি সুন্দর ডালের আগা যুক্ত) পুষ্পোদ্গমপ্রচয়-কোমলপল্লবাগ্রঃ (বেশী ফুলফোটায় নরম পাতার অগ্রভাগযুক্ত) মত্ত-দ্বিরেফপরিপীতমধুপ্রসেকঃ (মাতাল ভ্রমরে পান করেছে চুয়ান মধু যার-এমন) কোবিদারঃ (যুগপত্রক গাছ) কস্য চিত্তং (কার মনকে) ন বিদারয়তি (চিরে ফেল্‌ছে) ॥ ৬॥

মন্দ মন্দ বায়ু বয় শাখাগ্র (১) ব্যাকুল হয়,
প্রচুর কুসুমে পত্র সুকোমল রয়,
কোবিদার (২) ফুল মধু পানে মত্ত অলি বঁধু,
বল ইথে কার মন হরি নাহি লয়।৬।

(১) ডালের আগা (২) দুই পাতার গাছ—রোমের মত ফুল।

বিমলপ্রভা। মন্দানিলেত্যাদি। মন্দানিলাকুলিতচারুতরাগ্রশাখঃ, মন্দঃ মৃদুঃ যোঽনিলঃ বায়ুঃ তেন আকুলিতা বিকম্পিতা চারুতরা রম্যতরা অগ্রশাখা শাখাগ্রভাগঃ যস্য স তথোক্তঃ। মন্থরসমীর-কম্পিতাতিরম্যশাখাগ্রভাগ ইত্যর্থঃ। পুষ্পোদ্গমপ্রচয়কোমলপল্লবাগ্রঃ, পুষ্পাণাম্ উদ্গম উদয়ঃ তস্য প্রচয়ঃ সমূহঃ, তেন কোমলানি পল্লবানামগ্রাণি যস্য স তথোক্তঃ। পুষ্পোদয়স্য আতিশয্যেন মৃদুকিস-লয়াগ্রভাগ ইত্যর্থঃ। মত্তদ্বিরেফপরিপীতমধুপ্রসেকঃ, দ্বৌ রেফৌ যস্য স দ্বিরেফঃ ভ্রমরঃ, মত্তা দ্বিরেফা ইতি মত্তদ্বিরেফাঃ, মধুনঃ পুষ্পরসস্য প্রসেকঃ ক্ষরণমিতি মধুপ্রসেকঃ তৈঃ পরিপীতঃ মধুপ্রসেকো যস্য স তথোক্তঃ। কোবিদারঃ যুগপত্রকবৃক্ষঃ। 'কোবিদারে চমরিকঃ কুদ্দালো যুগপত্রকঃ।' ইত্যমরঃ। কস্য জনস্য চিত্তং মনঃ ন বিদারয়তি ন খণ্ডয়তি। অপিতু সর্বস্যাপি চিত্তং বিদারয়তীত্যর্থঃ॥ ৬॥

তারাগণপ্রবরভূষণমুদ্বহন্তি
মেঘাবরোধপরিমুক্তশশাঙ্কবক্ত্রা।
জ্যোৎস্নাদুকূলমমলং রজনী দধানা
বৃদ্ধিং প্রয়াত্যনুদিনং প্রমদেব বালা॥৭॥

অর্থান্বয়ঃ। তারাগণপ্রবরভূষণম্ (তারা সকলই উত্তম ভূষণ; পক্ষে, তারাগণের ন্যায় উত্তম ভূষণ) উদ্বহন্তী (পরা) মেঘাবরোধপরি-মুক্তশশাঙ্কবক্ত্রা (মেঘের মধ্য হইতে বেরনো চাঁদই যার মুখ; পক্ষে— মেঘমুক্ত চাঁদের মত মুখ) অমলং (ময়লা শূন্য) জ্যোৎস্নাদুকূলং (জ্যোৎস্নাই যার কাপড়; পক্ষে, জ্যোৎস্নার ন্যায় শাদা কাপড়) দধানা (পরা) রজনী (রাত্রি) প্রমদা (আমোদদায়িনী) বালা ইব (ষোল-বছরের চেয়েও কমবয়স্কা স্ত্রীর মত) অনুদিনং (দিন দিনই) বৃদ্ধিং প্রয়াতি (বাড়িতেছে অর্থাৎ শরৎকাল হইতে রাত বাড়্তে লাগিল)॥ ৭॥

তারা অলঙ্কার পরি শশিমুখী মরি মরি
মুক্ত মেঘ আবরণে শোভে কিবা তায়,
অমল-কৌমুদী (১)-মালা- বসনে পরেছে বালা
রজনী প্রমদা (২) বৃদ্ধি নিতি নিতি পায়। ৭

বিমলপ্রভা। তারাগণেত্যাদি। তারাগণপ্রবরভূষণং তারাণাং নক্ষত্রাণাং গণঃ সমূহঃ স এব প্রবরম্ উৎকৃষ্টং ভূষণমাভরণম্। পক্ষে তারাগণ ইব (উজ্জ্বলং) প্রবরভূষণম্ উদ্বহন্তী বিভ্রতী। মেঘাবরোধ-পরিমুক্তশশাঙ্কবক্ত্রা, মেঘৈঃ অবরোধঃ আবরণমিতি মেঘাবরোধঃ, তস্মাৎ পরিমুক্তঃ নির্মুক্তঃ যঃ শশাঙ্কঃ স এব বক্ত্রং মুখং যস্যাঃ সা তথোক্তা। পক্ষে মেঘ ইব অবরোধঃ তস্মাৎ পরিমুক্তশশাঙ্ক ইব বক্ত্রং যস্যাঃ সা। অমলং বিমলমুজ্জ্বলমিত্যর্থঃ। জ্যোৎস্নাদুকূলং জ্যোৎস্না এব দুকূলং সূক্ষ্মবস্ত্রম্। পক্ষে জ্যোৎস্না ইব দুকূলং দধানা বিভ্রতী 'চন্দ্রিকা কৌমুদী জ্যোৎস্না' ইত্যমরঃ। রজনী যামিনী। বালা ষোড়শ-বর্ষীয়া 'আ ষোড়শাদ্ভবেদ্ বালা' ইতি শাস্ত্রাৎ। প্রমদেব নারীব অনুদিনং দিনং দিনমিতি বীপ্সার্থেঽব্যয়ীভাবঃ। বৃদ্ধিং স্ফীতিং প্রয়াতি গচ্ছতি। শরদি রাত্রির্বর্ধত ইতি ভাবঃ। অত্র রূপকোপমালঙ্কারৌ স্পষ্টৌ ॥ ৭ ॥

কারণ্ডবাননবিঘট্টিতবীচিমালাঃ
কাদম্বসারসচয়াকুলতীরদেশাঃ।
কুর্বন্তি হংসবিরুতৈঃ পরিতো জনস্য
প্রীতিং সরোরুহরজোঽরুণিতাস্তটিন্যঃ ॥৮॥

---

(১) জ্যোৎস্না। (২) আনন্দদায়িনী।

অর্থান্বয়ঃ। কারণ্ডবাননবিঘট্টিতবীচিমালাঃ (বালিহাঁসের মুখ-লেগে ভাঙ্গা ঢেউগুলিতে) কাদম্বসারসচয়াকুলতীরদেশাঃ (কলহংস ও সারসগুলায় ব্যাকুল তীরভূমিতে) সরোরুহরজোঽরুণিতাঃ (পদ্মের রেণুতে লালবর্ণ) তটিন্যঃ (নদীসকলেতে) পরিতঃ (চারিদিকে) হংসবিরুতৈঃ (হাঁসের শব্দে) জনস্য প্রীতিং কুর্বন্তি (লোকের আনন্দ জন্মাচ্ছে) ॥৮॥

কারণ্ডব (১) মুখে খণ্ড হয় বীচি লণ্ড ভণ্ড,
কাদম্ব (২) সারস দলে তীর আকুলিত,
আরক্ত তটিনীকায় মাখি পদ্মরেণুকায়,
চৌদিকে মরাল রবে নর হয় প্রীত। ৮।

বিমলপ্রভা। কারণ্ডবেত্যাদি। কারণ্ডবানন-বিঘট্টিত-বীচি-মালাঃ, বীচীনাং তরঙ্গাণাং মালাঃ পংক্তয় ইতি বীচিমালাঃ, কারণ্ডবানাং জলচর-পক্ষিবিশেষাণাং আননানি মুখানীতি কারণ্ডবাননানি, তৈঃ বিঘট্টিতাঃ বিক্ষুভিতা বীচিমালা যাসু তাস্তথোক্তাঃ। 'ভঙ্গস্তরঙ্গ ঊর্মির্বা স্ত্রিয়াং বীচিঃ' ইত্যমরঃ। 'মালা তু পঙ্‌ক্তৌ পুষ্পাদিদামনি' ইতি হেমচন্দ্রঃ। কাদম্বসারসচয়াকুলতীরদেশাঃ, কাদম্বাশ্চ সারসাশ্চেতি কাদম্বসারসং সমাহারে দ্বন্দ্বঃ। তস্য চয়ঃ সমূহস্তেন আকুলঃ ব্যাপ্তস্তীর-দেশস্তটভূমির্যাসাং তাস্তথোক্তাঃ। 'কাদম্বঃ কলহংসঃ স্যাৎ' ইতি 'পুষ্করাহ্বস্তু সারসঃ' ইতি চামরঃ। 'কাদম্বঃ শরপক্ষিণৌ' ইতি ত্রিকাণ্ডশেষঃ। 'সারসঃ পক্ষিভেদে স্যাৎ' 'সারসং সরসীরুহে।' ইতি বিশ্বঃ। সরোরুহরজোঽরুণিতাঃ, অরুণঃ রক্তবর্ণঃ সঞ্জাতঃ অস্য ইতি অরুণিতঃ, ইতি তারকাদিত্বাদিতচ্। সরোরুহাণাং পদ্মানাং রজাংসি পরাগাস্তৈঃ অরুণিতা লোহিতবর্ণাঃ। 'বা পুংসি পদ্মং নলিনং সারসং সরসী-

(১) বালি হাঁস। (২) কলহংস।

রুহম্।' ইত্যমরঃ। 'রজোরেণুপরাগয়োঃ।' ইতি হেমচন্দ্রঃ। তটিন্যঃ নদ্যঃ। 'তরঙ্গিণী শৈবলিনী তটিনী হ্রাদিনী ধুনী' ইত্যমরঃ। পরিতঃ চতুর্দিক্ষু হংসবিরুতৈঃ হংসানাং বিরুতৈঃ নিনাদৈঃ, জনস্য লোকস্য জাতিবিবক্ষয়া একত্বং জনানামিত্যর্থঃ। প্রীতিং রতিং জনয়ন্তি উৎপাদয়ন্তি ॥ ৮ ॥

নেত্রোৎসবো হৃদয়হারিমরীচিমালঃ
প্রহ্লাদকঃ শিশিরসীকরবারিবর্ষী।
পত্যুর্বিয়োগবিষদিগ্ধশরক্ষতানাম্
চন্দ্রো দহত্যতিতরাং তনুমঙ্গনানাম্ ॥৯॥

অর্থান্বয়ঃ। নেত্রোৎসবঃ (দেখ্তে মধুর) হৃদয়হারিমরীচিমালঃ (মনোমোহিনী জ্যোৎস্না) প্রহ্লাদকঃ (অতি আনন্দকর) শিশিরসীকরবারিবর্ষী (শীতল জলকণা বর্ষণকারী) চন্দ্রঃ (চাঁদ) পত্যুর্বিয়োগবিষদিগ্ধশরক্ষতানাং (স্বামীর বিচ্ছেদরূপ বিষমাখান বাণেতে ঘা হয়েছে—এমন) অঙ্গনানাং (রমণীদের) তনুং (শরীরকে) অতিতরাং (অত্যন্ত) দহতি (পোড়াচ্ছে) ॥ ৯ ॥

নয়নের লোভকর প্রহ্লাদক (১) মনহর
শিশির (২)-সীকরবারিবর্ষী সুধাকর,
বিষবাণে ক্ষত হায় বিধুরা-ললনা-কায়,
দহিছে সে অবলারে অতিগাঢ়তর। ৯।

বিমলপ্রভা। নেত্রোৎসব ইতি। নেত্রোৎসবঃ নেত্রাণাম্ উৎসবঃ আনন্দস্বরূপঃ, বিধেয়বিশেষণম্। যদ্বা নেত্রাণামুৎসবঃ যস্মাৎ স

(১) আনন্দদায়ক (২) ঠাণ্ডা।

তথোক্ত ইতি ব্যধিকরণবহুব্রীহিণার্থসঙ্গতির্বিধেয়েতি সুধীভি-র্বিভাব্যম্। হৃদয়হারিমরীচিমালঃ, হৃদয়ং হরতীতি হৃদয়হারিণী, মরীচীনাং করাণাং মালেতি মরীচিমালা হৃদয়হারিণী মরীচিমালা যস্য স তথোক্তঃ। হৃদয়াহ্লাদকরশ্মিজাল ইত্যর্থঃ। প্রহ্লাদকঃ প্রকর্ষেণ হ্লাদয়তি তোষয়তীতি প্রহ্লাদকঃ আহ্লাদজনক ইত্যর্থঃ। শিশির-সীকর-বারিবর্ষী, সীকরাণাম্ অম্বুকণানাং বারীতি সীকরবারি শিশিরং শীতলং যৎ সীকরবারি, তদ্বর্ষতীতি তথোক্তঃ বর্ষতের্ণিনিঃ। হিম-জলকণবর্ষণকারীত্যর্থঃ। 'শীকরোঽম্বুকণাঃ স্মৃতাঃ' ইত্যমরোক্ত্যা পুনর্বারিগ্রহণং জলকণাধিক্যদ্যোতনার্থং স্পষ্টার্থং বা। অন্যথা পৌনরুক্ত্য—দোষ আপদ্যেতেতি ভাবঃ। চন্দ্রঃ শশী পত্যুর্বিয়োগবিষদিগ্ধশরক্ষতানাং পত্যুঃ ভর্ত্তুঃ বিয়োগঃ বিরহ এব বিষদিগ্ধশরঃ বিষেণ দিগ্ধঃ লিপ্তঃ যঃ শরঃ বাণঃ তেন ক্ষতানাং বিদ্ধানাম্। অত্র সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাস ইতি মল্লিনাথঃ। পতিবিয়োগবিষদিগ্ধশরক্ষতানামিত্যেবং পদমেব সাধীয় ইতি বোধ্যম্। অঙ্গনানাং নারীণাং তনুং শরীরম্ অতিতরাম্ অতীব দহতি সন্তাপয়তি। অত্র অতিশব্দাৎ তরপ্, তত আম্। অব্যয়ক্রিয়াবিশেষণমেতৎ। অত্র চন্দ্রস্য আহ্লাদকত্বেঽপি দাহকত্বমিতি বিস্ময়ঃ। নায়িকা চ প্রোষিতভর্ত্তৃকেতি ভাবঃ ॥ ৯ ॥

আকম্পয়ন্ ফলভরানতশালিজালা-
ন্যানর্তয়ংস্তরুবরান্ কুসুমাবনম্রান্।
উৎফুল্লপঙ্কজবনাং নলিনীং বিধুন্বন্
যূনাং মনশ্চলয়তি প্রসভং নভস্বান্ ॥১০॥

অর্থান্বয়ঃ। ফলভরানতশালিজালানি (ফলভরে নুয়ে পড়েছে এমন শালি ধান গাছগুলিকে) আকম্পয়ন্ (কাঁপিয়ে), কুসুমাবনম্রান্ (ফুলভরে

নীচু) তরুবরান্ (বড় গাছগুলাকে) আনর্ত্তয়ন্ (নাচিয়ে), উৎফুল্ল-পঙ্কজবনাং (ফোটা পদ্মফুলবনের) নলিনীং (পদ্মকে) বিধুন্বন্ (নড়িয়ে) নভস্বান্ (বাতাস) যূনাং মনঃ প্রসভং (যুবাদের মন অত্যন্ত) চলয়তি (চঞ্চল করছে) ॥ ১০ ॥

ফলভরে অবনত কাঁপাইছে শালি (১) যত,
নাচাইছে তরুবরে নত ফুল ভরে,
বিকচ (২) পঙ্কজবনে কাঁপায় নলিনীগণে,
পবন যুবক-মন চপলিত করে। ১০।

বিমলপ্রভা। আকম্পয়ন্নিতি। ফলভরানতশালিজালানি, ফলানাং ভরঃ ভারঃ তেন আনতা বিনম্রা যে শালয়ঃ ব্রীহয়ঃ তেষাং জালানি বৃন্দানি আকম্পয়ন্ ধুন্বন্। 'জালং গবাক্ষ আনায়ে ক্ষারকে দম্ভবৃন্দয়োঃ।' ইতি মেদিনী। কুসুমাবনম্রান্ কুসুমৈঃ অবনম্রান্ পুষ্পভারাবনতানিত্যর্থঃ। তরুবরান্ বৃক্ষশ্রেষ্ঠান্ আনর্ত্তয়ন্ নৃত্যং কারয়ন্; উৎফুল্লপঙ্কজবনাং, পঙ্কজানাং পদ্মানাং বনম্, উৎফুল্লং বিকচং পঙ্কজবনং যস্যাং তাং তথোক্তাং যদ্বা উৎফুল্লানি পঙ্কজানি যত্র তৎ, তাদৃশং বনং জলং যত্র তাম্। 'বনং কানননীরয়োঃ' ইতিবিশ্বঃ। নলিনীং কমলিনীং বিধুন্বন্ প্রকম্পয়ন্ ধুনোতেঃ শতৃপ্রত্যয়ঃ। নভস্বান্ পবনঃ. 'নভস্বদ্বাতপবন—' ইত্যমরঃ। যূনাং প্রবাসিনাং তরুণানা—মিত্যর্থঃ। মনশ্চিত্তং প্রসভম্ অতীব চলয়তি ব্যাকুলয়তি। অত্র বায়োঃ মান্দ্যং শৈত্যং সৌরভ্যঞ্চেতি গুণত্রয়ং বোধ্যম্। 'উৎফুল্ল-পঙ্কজবনাং নলিনীং বিধুন্বন্' ইত্যনেন বিশেষণেন শৈত্যসৌরভ্যে দ্রষ্টব্যে ইতি ভাবঃ ॥ ১০ ॥

---

(১) হৈমন্তিক ধান গাছ (২) ফোটা।

সোন্মাদহংসমিথুনৈরুপশোভিতানি
স্বচ্ছপ্রফুল্লকমলোৎপলভূষিতানি।
মন্দপ্রভাতপবনোদ্গতবীচিমালা-
ন্যুৎকম্পয়ন্তি সহসা হৃদয়ং সরাংসি ॥১১॥

অর্থান্বয়ঃ। সোন্মাদহংসমিথুনৈঃ (উন্মত্ত শব্দকারী হাঁস সকলে) উপশোভিতানি (সুশোভিত) স্বচ্ছপ্রফুল্লকমলোৎপলভূষিতানি (স্বচ্ছ-ফোটা শাদা পদ্ম এবং নীলপদ্মে ভূষিত) মন্দপ্রভাতপবনোদ্গতবীচিমালানি (সকালের মৃদু বাতাসে জন্মেছে যাদের ঢেউ সকল—এমন) সরাংসি (পুকুরগুলা) হৃদয়ং (লোকের হৃদয়) সহসা উৎকণ্ঠয়ন্তি (হঠাৎ উৎকন্ঠিত করে) ॥ ১১ ॥

মরাল মরালী সরে মাতোয়ারা শোভাকরে,
অমল কমল নীল-পদ্মে সুশোভিত,
ধীর বায়ু উষাকালে তুলিতেছে বীচিজালে
সহসা হৃদয় আহা করে আকুলিত।১১।

বিমলপ্রভা। সোন্মাদেত্যাদি। সোন্মাদহংসমিথুনৈঃ সোন্মাদা উন্মত্তা হংসাস্তেষাং মিথুনানি স্ত্রীপুংসযুগ্মানি তৈঃ। ‘মিথুনং তু দ্বয়োঃ রাশিভেদে স্ত্রীপুংসযুগ্মকে।’ ইতি মেদিনী। উপশোভিতানি বিলসিতানি; স্বচ্ছপ্রফুল্লকমলোৎপলভূষিতানি কমলানি চ উৎপলানিচেতি কমলোৎপলানি স্বচ্ছানি বিমলানি প্রফুল্লানি বিকসিতানীতি স্বচ্ছপ্রফুল্লানি ‘বিশেষণেন চ’ ইত্যনেন বিশেষণেন সহ বিশেষণস্য সমাসঃ। স্বচ্ছপ্রফুল্লানি কমলোৎপলানি তৈঃ ভূষিতানি উপশোভিতানি। মন্দপ্রভাতপবনোদ্গতবীচিমালানি, প্রভাতস্য বাত ইতি প্রভাতবাতঃ প্রাতঃসমীরণঃ মন্দঃ মন্থরঃ যঃ প্রভাতবাতস্তেন উদ্গতা উৎপন্না বীচি-

মালা তরঙ্গরাশিঃ যেষাং তানি তথোক্তানি। সরাংসি কাসারাঃ 'কাসারঃ সরসী সরঃ' ইত্যমরঃ। সহসা অকস্মাৎ তৎকালে বা 'আকস্মিকার্থে সহসা তৎকালে চ নিগদ্যতে।' ইতি হলায়ুধঃ। হৃদয়ং মনঃ যূনামিতি শেষঃ। উৎকণ্ঠয়ন্তি উদ্বেজয়ন্তি ॥ ১১ ॥

নষ্টং ধনুর্বলভিদো জলদোদরেষু
সৌদামিনী স্ফুরতি নাদ্য বিয়ৎপতাকা।
ধুন্বন্তি পক্ষপবনৈর্ন নভো বলাকাঃ
পশ্যন্তি নোন্নতমুখা গগনং ময়ূরাঃ ॥১২॥

অর্থান্বয়ঃ। অদ্য (এখন শরতে) জলদোদরেষু (মেঘগর্ভে) বলভিদঃ (ইন্দ্রের) ধনুঃ (ধনুক) নষ্টং (নষ্ট হয়েছে—দেখা যায় না), বিয়ৎ-পতাকা (আকাশের নিশান্) সৌদামিনী (বিদ্যুৎ) স্ফুরতি ন (প্রকাশ-পায়না), বলাকাঃ (বকস্ত্রী সকল) পক্ষপবনৈঃ (ডানার বাতাসে) নভঃ ন ধুন্বন্তি (আকাশ কাঁপায় না), উন্নতমুখাঃ (উচু মুখে) ময়ূরাঃ (ময়ূরগণ) গগনং ন পশ্যন্তি (আকাশ দেখেনা—মেঘ দেখ্ছে না) ॥ ১২ ॥

ইন্দ্রধনু মেঘ-কোলে হায়, আর নাহি দোলে,
চপলাপতাকা নভে নাহি শোভে আর,
আকাশ কাঁপে না আর পক্ষবাতে বলাকার,
গগনে উন্মুখ দৃষ্টি শিখী ত্যজে তার।১২।

বিমলপ্রভা। নষ্টমিতি। অদ্য অধুনা জলদোদরেষু জলদানা-মুদরেষু মেঘগর্ভেষু বলভিদঃ বলং তদাখ্যম্ অসুরং ভিনত্তীতি বলভিৎ ইন্দ্রঃ তস্য 'বলারাতিঃ শচীপতিঃ' ইত্যমরঃ। ধনুশ্চাপঃ শক্রধনুরিত্যর্থঃ। নষ্টম্ অদৃশ্যম্ ন দৃশ্যত ইত্যর্থঃ। বিয়ৎপতাকা বিয়ত আকাশস্য পতাকা বৈজয়ন্তীবেত্যুপমা। 'বিয়দ্ বিষ্ণুপদং বাতু পুংস্যাকাশবিহায়সী।'

ইত্যমরঃ। সৌদামিনী বিদ্যুৎ। ন স্ফুরতি ন বিলসতি। বলাকাঃ বিসকণ্ঠিকাঃ বকপত্ন্য ইত্যর্থঃ। 'বলাকা বিসকণ্ঠিকা' ইত্যমরঃ। পক্ষপবনৈঃ পক্ষাণাং গরুতাং পবনৈঃ বাতৈঃ 'গরুৎ পক্ষচ্ছদাঃ' ইত্যমরঃ। নভ আকাশং ন ধুন্বন্তি কম্পয়ন্তি। উন্নতমুখা উন্নতং মুখং যেষাং তে তথোক্তাঃ। ঊর্দ্ধমুখা ইত্যর্থঃ। ময়ূরাঃ শিখিনঃ গগনং নভঃ ন পশ্যন্তি বীক্ষন্তে ॥ ১২ ॥

নৃত্যপ্রয়োগরহিতাঞ্ছিখিনো বিহায়
হংসানুপৈতি মদনো মধুরপ্রগীতান্।
মুক্ত্বা কদম্বকুটজার্জুনসর্জনীপান্
সপ্তচ্ছদানুপগতা কুসুমোদ্গমশ্রীঃ ॥১৩॥

অর্থান্বয়ঃ। মদনঃ (কাম) নৃত্যপ্রয়োগরহিতান্ (নাচ্চে না এমন) শিখিনঃ (ময়ূর সকল) বিহায় (ত্যাগ করে) মধুরপ্রগীতান্ (মধুর গানকারী) হংসান্ (হাঁস সকলকে) উপৈতি (পেয়েছে— অর্থাৎ শরতে ময়ূর নাচে না, হাঁস ডাকে), কুসুমোদ্গমশ্রীঃ (ফুল ফুট্‌লে যে শোভা হয় সেই শোভা) কদম্বকুটজার্জুনসর্জনীপান্ (কদম, গিরিমল্লিকা, অর্জুন ও শাল গাছ সকলকে) মুক্ত্বা (ত্যাগ করে— শরতে এই সকল গাছের ফুল হয় না) সপ্তচ্ছদান্ (প্রত্যেক ডালে সাতটা করে পাতা আছে এমন গাছ সকলে) উপগতা (গিয়েছে) ॥১৩॥

নাচে হেরি অন্যমন ত্যজি কাম শিখিগণ
সুগায়ক হংসদলে লইছে আশ্রয়,
ফুল্লফুলে শোভাময় কুটজ (১) ককুভচয়
সাল নীপ (২) ত্যজি সপ্তপর্ণে গত হয়। ১৩।

(১) গিরিমল্লিকা বৃক্ষ। (২) কদম্ব বৃক্ষ।

বিমলপ্রভা। নৃত্যেত্যাদি। মদনঃ মন্মথঃ 'মদনোমন্মথো মারঃ' ইত্যমরঃ। নৃত্যপ্রয়োগরহিতান্ নৃত্যস্য নর্ত্তনস্য প্রয়োগঃ রচনা করণমিতি যাবৎ। তেন রহিতান্ শূন্যান্ ত্যক্তনৃত্যবিধীনিত্যর্থঃ। শিখিনঃ ময়ূরান্ বিহায় পরিত্যজ্য মধুরপ্রগীতান্ মধুরং ললিতং প্রগীতং যেষাং তান্ তথোক্তান্ কলনাদানিত্যর্থঃ। হংসান্ মরালান্ উপৈতি উপসর্পতি। কুসুমোদ্গমশ্রীঃ কুসুমানাং পুষ্পাণান্ উদ্গম আবির্ভাবস্তস্য শ্রীঃ শোভা। 'শ্রীর্লক্ষ্মীবেশসম্পৎসু ভারতীশোভয়োরপি।' ইতি ত্রিকাণ্ডশেষঃ। কদম্বকুটজার্জুনসর্জনীপান্ কদম্বশ্চ কুটজশ্চ অর্জুনশ্চ সর্জশ্চ নীপশ্চ তে তান্। কদম্বঃ প্রসিদ্ধঃ, কুটজঃ শক্রবৃক্ষঃ 'অথ কুটজঃ শক্রঃ' ইত্যমরঃ। সর্জঃ সালতরুঃ, অর্জুনঃ ককুভঃ, নীপঃ ধূলিকদম্বঃ, পূর্ব্বোক্তকদম্বাৎ পৃথক্‌জাতীয় ইত্যর্থঃ। 'নীপো ধূলিকদম্বে স্যাৎ নীলাশোকে চ ধ্বনিনি।' ইতি বিশ্বঃ। মুক্ত্বা বিহায় সপ্তচ্ছদান্ সপ্তপর্ণান্ উপগতা প্রাপ্তা ॥ ১৩ ॥

শেফালিকাকুসুমগন্ধমনোহরাণি
স্বস্থস্থিতাণ্ডজকুলপ্রতিনাদিতানি।
পর্য্যন্তসংস্থিতমৃগীনয়নোৎপলানি
প্রোৎকণ্ঠয়ন্ত্যুপবনানি মনাংসি পুংসাম্ ॥১৪॥

অর্থান্বয়ঃ। শেফালিকাকুসুমগন্ধমনোহরাণি (শেফালিকা ফুলের গন্ধে মনোহর) স্বস্থস্থিতাণ্ডজকুলপ্রতিনাদিতানি (সুস্থভাবে বসে আছে এমন পাখিগুলির ডাকে মুখরিত) পর্য্যন্তসংস্থিতমৃগীনয়নোৎপলানি (প্রান্তস্থিত হরিণীদের নয়নরূপ নীল পদ্মগুলি—এই সকল যুক্ত) উপবনানি (উপবনসকল) পুংসাং (পুরুষদের) মনাংসি (মন) প্রোৎকণ্ঠয়ন্তি (অতি উৎকণ্ঠিত করছে) ॥ ১৪ ॥

শেফালিকা মনোহর গন্ধ কিবা সুখকর,
পাখিগণ মন-সুখে মধুর গাহিছে,
প্রান্তস্থিত মৃগীগণ নীলপদ্ম সুনয়ন
উদ্যানে মানব মন ব্যাকুল করিছে। ১৪।

বিমলপ্রভা। শেফালিকেত্যাদি। শেফালিকাকুসুমগন্ধমনোহরাণি শেফালিকাখ্যানি কুসুমানি শেফালিকাকুসুমানি শাকপার্থিবাদিত্বান্ মধ্যপদলোপী কর্মধারয়ঃ। যদ্বা শেফালিকায়াঃ কুসুমানি তেষাং গন্ধঃ সৌরভং তেন মনোহরাণি মনোজ্ঞানি। 'শেফালিকা তু সুবহা নির্গুণ্ডী নীলিকা চ সা' ইত্যমরঃ। স্বস্থস্থিতাণ্ডজকুলপ্রতিনাদিতানি স্বস্থং সুখং যথা স্যাৎ তথা স্থিতা ইতি স্বস্থস্থিতাঃ, শরদি গ্রীষ্মজনিত—তাপাদিক্লেশাভাবাৎ সুস্থত্বমিতি ভাবঃ। যে অণ্ডজাঃ পক্ষিণঃ তেষাং কুলানি বৃন্দানি 'কুলং গোত্রে গণে দেহে' ইতি ত্রিকাণ্ডশেষঃ। তৈঃ প্রতিনাদিতানি প্রতিশব্দিতানি, পর্য্যন্তসংস্থিতমৃগীনয়নোৎপলানি, পর্য্যন্তে বনপ্রান্তে সংস্থিতা উপবিষ্টা যা মৃগ্যঃ হরিণ্যঃ তাসাং লোচনানি নেত্রাণি এব উৎপলানি ইন্দীবরাণি যত্র তানি তথোক্তানি। উপবনানি আরামাঃ পুংসাং যুনামিত্যর্থঃ। মনাংসি চিত্তানি প্রোৎকণ্ঠয়ন্তি ব্যাকুলয়ন্তি। উপবনানামীদৃশীমপূর্বাং শোভাং বীক্ষ্য সর্বে মানবা ব্যাকুলা জাতা ইতি ভাবঃ॥ ১৪॥

কহ্লারপদ্মকুমুদানি মুহুর্বিধুন্বং-
স্তৎসঙ্গমাদধিকশীতলতামুপেতঃ।
উৎকণ্ঠয়ত্যতিতরাং পবনঃ প্রভাতে
পত্রান্তলগ্নতুহিনাম্বুবিধূয়মানঃ॥ ১৫॥

অর্থান্বয়ঃ। কহ্লারপদ্মকুমুদানি (কহ্লার-পদ্ম-কুমুদফুল সকলকে) মুহুঃ (বার বার) বিধুন্বন্ (কাঁপিয়ে) তৎসঙ্গমাদধিকশীতলতাম্ (ঐ সকল ফুলের সঙ্গে থেকে অতি শীতলত্ব) উপেতঃ (পেয়ে) পত্রান্ত-লগ্নতুহিনাম্বুবিধূয়মানঃ (পাতায় লেগে আছে এমন শিশিরবিন্দু কাঁপিয়ে) পবনঃ প্রভাতে অতিতরাং (বাতাস প্রাতে অত্যন্ত) উৎকণ্ঠয়তি (আকুল করছে) ॥ ১৫ ॥

কাঁপাইছে বার বার কহ্লার (১) কুমুদ আর
কমলে, সংসর্গে অতি শীতল হইয়া,
প্রভাত পবন বয়, পত্র যত জলময়
কাঁপায়ে আকুল বায়ু করিতেছে হিয়া। ১৫।

বিমলপ্রভা। কহ্লারেত্যাদি। কহ্লারপদ্মকুমুদানি কহ্লারঞ্চ পদ্মঞ্চ কুমুদঞ্চ তানি কহ্লারপদ্মকুমুদানি সৌগন্ধিককমলকৈরবাণি। 'সৌগন্ধিকং তু কহ্লারম্' 'সিতে কুমুদকৈরবে' ইত্যুভয়ত্রামরঃ। মুহুঃ শশ্বৎ বিধুন্বন্ বিকম্পয়ন্; তৎসঙ্গমাৎ তেষাং কহ্লারপদ্মকুমুদানাং সঙ্গমঃ সংযোগঃ স্পর্শ ইতি যাবৎ তস্মাৎ হেতোঃ, অধিকশীতলতাম্ অতীবশৈত্যম্ উপেতঃ প্রাপ্তঃ। পত্রান্তলগ্নতুহিনাম্বুবিধূয়মানঃ, পত্রাণামন্তে প্রান্তভাগে লগ্নং সংলগ্নং যৎ তুহিনাম্বু হিমবারি তেন বিধূয়মানঃ বিকম্পমানঃ শীতজল-স্পর্শেন কম্পনমুচিতমিতিভাবঃ। বিপূর্বাদ্ ধূনোতেঃ কর্মনি শানচ্। পবনঃ প্রভাতে অতিতরাম্ অতীব উৎকণ্ঠয়তি যূন ইতি শেষঃ ॥ ১৫ ॥

সম্পন্নশালিনিচয়াবৃতভূতলানি
স্বস্থস্থিতপ্রচুরগোকুলশোভিতানি।
হংসৈঃ সসারসকুলৈঃ প্রতিনাদিতানি
সীমান্তরাণি জনয়ন্তি নৃণাং প্রমোদম্ ॥ ১৬ ॥

(১) শ্বেতপদ্ম।

অর্থাম্বয়ঃ। সম্পন্নশালিনিচয়াবৃতভূতলানি (জলসিক্ত শালিগাছেতে জমি ঢেকে ফেলেছে এমন) স্বস্থস্থিতপ্রচুরগোকুলশোভিতানি (সুস্থভাবে অবস্থিত অনেকগুলি গরুতে শোভিত) সসারসকুলৈঃ (সারস পাখিগুলার সহিত) হংসৈঃ (হাঁসগুলাতে) প্রতিনাদিতানি (প্রতিশব্দ করছে এমন) সীমান্তরাণি (সীমাভূমি সকল) নৃণাং (লোকের) প্রমোদং (আনন্দ) জনয়ন্তি (জন্মাচ্ছে)॥ ১৬॥

জলসিক্ত সালি (১)-দলে ঢাকিয়াছে ভূমিতলে,
সুখাসীন (২) ধেনুকুলে সুশোভিত হয়,
সারস মরালগণে কূজিতেছে অনুক্ষণে
সীমাভূমি মানবের হর্ষ উপজয়। ১৬।

বিমলপ্রভা। সম্পন্নেত্যাদি। সম্পন্নশালিনিচয়াবৃতভূতলানি সম্পন্না উৎপন্না যে শালয়স্তেষাং চয়ঃ সমূহস্তেন আবৃতং ছাদিতং ভূতলং ভূমিভাগো যেষাং তানি তথোক্তানি। স্বস্থস্থিতপ্রচুরগোকুলশোভিতানি, স্বস্থং সুখং যথাতথাস্থিতাঃ প্রচুরাঃ বহুসংখ্যকা গাবস্তাসাং কুলং তেন শোভিতানি। সসারসকুলৈঃ সারসপক্ষিসমূহসহিতৈঃ হংসৈঃ প্রতিনাদিতানি প্রতিধ্বনিতানি সীমান্তরাণি ক্ষেত্রবিভাগাঃ অন্যাঃ সীমা ইতি সীমান্তরাণি 'ময়ূরব্যংসকাদিত্বাৎ' নিপাতনাৎ সমাসঃ। সীমায়া অন্তরাণি দূরপ্রদেশা বা। 'সীমা ঘাটে স্থিতৌ ক্ষেত্রে' ইতি বিশ্বঃ। নৃণাং প্রমোদং হর্ষং জনয়ন্তি॥ ১৬॥

হংসৈর্জিতা সুললিতা গতিরঙ্গনানা-
মম্ভোরুহৈর্বিকসিতৈর্মুখচন্দ্রকান্তিঃ।
নীলোৎপলৈর্মদকলানি বিলোকিতানি
ভ্রূবিভ্রমাশ্চ রুচিরাস্তনুভিস্তরঙ্গৈঃ॥ ১৭॥

---

(১) ধানগাছ (২) সুখে উপবিষ্ট।

অর্থান্বয়ঃ। অঙ্গনানাং (পুরস্ত্রীদের) সুললিতা (অত্যন্ত রমনীয়) গতিঃ (চলন) হংসৈঃ (হাঁসগুল) জিতা (জয় করেছে), মুখচন্দ্র-কান্তিঃ (চাঁদমুখের শোভা) বিকসিতৈঃ অম্ভোরুহৈঃ (ফোটা পদ্মগুল—জয় করেছে), মদকলানি (মদপানে মধুর) বিলোকিতানি (দৃষ্টি) নীলোৎপলৈঃ (নীলপদ্মগুলা—জয় করেছে), রুচিরাঃ চ (এবং সুন্দর) ভ্রূবিভ্রমাঃ (ভ্রূভঙ্গী) তনুভিঃ (ছোট) তরঙ্গৈঃ (ঢেউগুল—জয় করেছে) ॥১৭॥

ধরেছে মরালগণ বামাগতি সুশোভন,
বিকচ কমলে মুখ-চন্দ্রকান্তি ধরে,
হরেছে নয়ন শোভা কুবলয় মনোলোভা,
